## টুকরো খবর

### মানববন্ধন

**ফেশ্যাবাড়ি, ১৩ জুন :** অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল' বোর্ডের ডাকে শুক্রবার নিরপেক্ষ প্রতিবাদী মঞ্চের তরফে মানববন্ধন কর্মসূচি পালিত হয়। জুম্মা নমাজের পর শুকটাবাড়ি শিমুলতলা মসজিদে ওয়াকফ সংশোধনী আইন বাতিলের দাবিতে সংগঠনের সদস্যরা সরব হন। সংগঠনের তরফে কাওসার আলম ব্যাপারী বলেন, 'ওয়াকফ সংশোধনী আইন বাতিল সহ এয়ার ইন্ডিয়া বিমান দুর্ঘটনায় নিহতদের স্মরণ করা হয়েছে কালো ব্যাচ পরে।'

### ১৫ দফা দাবি

**শীতলকুচি, ১৩ জুন :** সারা ভারত কৃষকসভা ও খেতমজদুর ইউনিয়নের পক্ষ থেকে শুক্রবার ১৫ দফা দাবি নিয়ে শীতলকুচি বিডিওকে স্মারকলিপি দেওয়া হয়। কর্মসূচিতে খেতমজদুর ইউনিয়নের জেলা সম্পাদক রমেন প্রামাণিক, প্রাক্তন বিধায়ক হরিশ্চন্দ্র বর্মন, সারা ভারত কৃষকসভার কোচবিহার জেলা সহ সম্পাদক আকিক হাসান সহ অন্য নেতারা উপস্থিত ছিলেন। আকিক বলেন, '১০০ দিনের কাজ চালু, তার মেয়াদ বৃদ্ধি ও মজুরি বৃদ্ধি। ফসলের ন্যায্য দাম সহ বিভিন্ন দাবি স্মারকলিপির মাধ্যমে তুলে ধরা হয়েছে।'

### ৭ গাড়ি আটক

**শীতলকুচি, ১৩ জুন :** শীতলকুচি ব্লকের খলিসামারি পঞ্চায়েত এলাকা থেকে বৃহস্পতিবার সাতটি বালিবোঝাই ছোট গাড়ি আটক করল শীতলকুচি থানার পুলিশ। বেশ কিছুদিন ধরে খলিসামারি পঞ্চায়েতের ধরলা নদী থেকে বালি চুরির অভিযোগ উঠছিল। এদিন গোপন সূত্রে খবর পেয়ে পুলিশ সাতটি ছোট গাড়ি আটক করে। শীতলকুচি থানার ওসি অ্যান্থনি হোড়ো বলেন, 'ছোট গাড়িগুলির বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে।'

### শিবির

**পুণ্ডিবাড়ি, ১৩ জুন :** কোচবিহার জেলা পুলিশের উদ্যোগে শুক্রবার পুণ্ডিবাড়ি থানার মধুপুর এলাকার একটি বেসরকারি বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে সচেতনতামূলক শিবির হয়। শিবিরে পকসো আইন, সাইবার অপরাধ এবং মাদকের অপব্যবহার সম্পর্কে সচেতন করা হয়। ওই শিবিরে অতিরিক্ত পুলিশ সুপার কৃষ্ণগোপাল মিনা, ডিএসপি ক্রাইম লবসং শেরিং ভুটিয়া, পুণ্ডিবাড়ি থানার ওসি সোনম মাহেশ্বরী সহ অন্য পুলিশ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

### সভা

**মেখলিগঞ্জ, ১৩ জুন :** বিদ্যুৎ গ্রাহকদের অভিনন্দন জানিয়ে মেখলিগঞ্জ বাজারে সভা করল সারা বাংলা বিদ্যুৎ গ্রাহক সমিতি। সমিতির মেখলিগঞ্জ ব্লক সম্পাদক যোগেশচন্দ্র রায়ের দাবি, 'আমাদের আন্দোলনের চাপেই রাজ্য সরকার বিদ্যুতের স্মার্ট মিটার লাগানো বন্ধ করেছে।' গ্রাহকদের অভিনন্দন জানাতে এই কর্মসূচি বলে তিনি জানিয়েছেন।

### উৎসব

**চ্যাংরাবান্ধা, ১৩ জুন :** ২২ জুন নমশূদ্র লোকসংস্কৃতি উৎসব উপলক্ষ্যে শুক্রবার মেখলিগঞ্জ পঞ্চায়েত সমিতির কনফারেন্স রুমে একটি সভার আয়োজন করা হয়। মেখলিগঞ্জের বিডিও অরিন্দম মণ্ডল বলেন, 'আমাদের ব্লক তথা রাজ্যে এই অনুষ্ঠান এ বছর প্রথম অনুষ্ঠিত হচ্ছে। পরবর্তীতে এবিষয়ে আরও বিস্তারিত জানানো হবে।'



ও মাঝি রে... শুক্রবার কোচবিহারের কালজানি নদীতে অপর্ণা গুহ রায়ের তোলা ছবি।

আহমেদাবাদের দুর্ঘটনায় চর্চা দক্ষিণ গুরুদেবপুরে

# ফিরল গ্রাম ঝলসানোর স্মৃতি

**পূর্ণেন্দু সরকার**

**জলপাইগুড়ি, ১৩ জুন :** বৃহস্পতিবার দুপুরে টিভির পর্দায় আহমেদাবাদের ভয়াবহ বিমান দুর্ঘটনার ছবি দেখার পর শিউরে উঠেছিল ময়নাগুড়ির বাকালি গ্রাম পঞ্চায়েতের দক্ষিণ গুরুদেবপুর গ্রাম। ১৫ বছর আগের দিনটার স্মৃতি আরেকবার ভেসে উঠেছিল সকলের মনে।

দিনটা ছিল ২০১০ সালের ২৪ জুলাই। হাসিমারা এয়ারবেস থেকে আকাশে ওঠা একটি মিগ ২৭-এ আগুন ধরে যায়। প্রচণ্ড বিস্ফোরণের পর আগুনের গোলার মতো সেটি আছড়ে পড়ে গ্রামের ওপর। মুহূর্তের মধ্যে জতুগৃহ হয়ে যায় গ্রামের অনেকের বাড়ি। ঝলসে মারা যান গ্রামের দুই কিশোরী, এক তরুণ আর এক প্রৌঢ়। সেদিনের আঘাতের চিহ্ন আজও শরীরে বয়ে বেড়াচ্ছেন গ্রামের ১৬ জন।

জয়া রায়ের পরিবারটাই সেদিন জ্বলেপুড়ে খাক হয়ে গিয়েছিল। শুক্রবার নিজের বাড়িতে বসে জয়া সেদিনের ঘটনার কথা শোনালেন, 'দুই মেয়েকে নিয়ে ঘরের বারান্দায় বসেছিলাম। হঠাৎ বিকট একটা আওয়াজ। কিছু বোঝার আগেই একটা জ্বলন্ত কিছু বাড়ির ওপরে এসে পড়ল। চোখের সামনে ঝলসে গেল আমার দুই মেয়ে পূর্ণিম আর লতিকা। ওদের বয়স তখন ৫ আর



মৃত ও আহতের পরিবারের সদস্যরা। শুক্রবার দক্ষিণ গুরুদেবপুর গ্রামে।

১০ বছর।' আর কথা বলতে পারেন না জয়া। নিজের ডান পায়ের পাতা ঝলসে গিয়েছিল সেদিন। দেহে-মনে সেদিনের দুর্ঘটনার ক্ষত নিয়েই বেঁচে আছেন তিনি।

সেদিন সকাল সওয়া ১০টা নাগাদ হাসিমারা এয়ারবেস থেকে মহড়ার জন্য আকাশে উড়েছিল মিগ ২৭ যুদ্ধবিমান। গ্রামের মাঠে জমি থেকে পাট কাটছিলেন প্রবীর জগভৈরব রায়। পাশের জমিতে ধানের চারা বুনছিলেন দাদা ভলেন রায় (৫৫) আর ভাগ্নে রঞ্জিত রায় (২৫)। প্রবীর বলেন, 'হঠাৎ দেখলাম আকাশ থেকে আগুনের গোলা আমাদের জমি আর বাড়ির দিকে নেমে আসছে। ভয়ে জমির একপাশে শুয়ে পড়ি। তারপর কিছুক্ষণ পর হুঁশ ছিল না। জ্ঞান ফেরে লোকজনের চিৎকারে। দেখি জমির একপাশে দাদা আর ভাগ্নে ঝলসানো অবস্থায় পড়ে রয়েছেন। বৃহস্পতিবার আহমেদাবাদের বিমান দুর্ঘটনা দেখে সেই দিনটার কথা মনে পড়েছিল। সারারাত ঘুমোতে পারিনি।

গ্রামের এক বৃদ্ধা আরতি রায়ের ধারণা, যুদ্ধবিমানের ভেতর গোলাবারুদ ছিল। তাই এত প্রচণ্ড বিস্ফোরণের পর বিমান আকাশে ভেঙে টুকরো টুকরো হয়ে চারদিকে ছড়িয়ে পড়েছিল। তাঁর মেয়ে অঞ্জলি সেদিন আগুনের গোলায় অনেকটাই পুড়ে গিয়েছিলেন। এখন তিনি অনেকটা সুস্থ হলেও পুরোপুরি স্বাভাবিক হননি।

মৃত ভলেন রায়ের নাতি সুরজিতের বয়স তখন ছিল বছর দুই। আহমেদাবাদের বিমান দুর্ঘটনার ছবি দেখার পর তিনিও হতবাক। বললেন, 'সেদিনের কথা তো মনে নেই। তবে, ১৫ বছর আগে গ্রামে সেদিন কী হয়েছিল তার কিছুটা আজ বুঝতে পারলাম।'

আহমেদাবাদের ড্রিমলাইনারের ভয়াবহ দুর্ঘটনায় একজন যাত্রী বরাতজোরে বেঁচে গিয়েছেন। দক্ষিণ গুরুদেবপুরের মিগ ২৭ বিমান দুর্ঘটনায় পাইলট অবশ্য বেরিয়ে এসে প্রাণে বেঁচে যান।

গ্রামে এখন খুঁজলে আর সেদিনের কিছু চিহ্ন পাওয়া যাবে না। গ্রামের মানুষই জানালেন, দক্ষিণ গুরুদেবপুরের বড় নালার দু'দিকে পড়েছিল বিমানের জ্বলন্ত ধ্বংসাবশেষ। বিমানের মাথার অংশ পাশের তিস্তা নদীবাঁধের মধ্যে অনেকটাই ঢুকে যায়। সেই বাঁধ এখন সারিয়ে ফেলা হয়েছে। ক্ষতিপূরণ পেয়ে আগুনে পোড়া বাড়িঘরও সারিয়ে নিয়েছেন গ্রামের ক্ষতিগ্রস্তরা। তবে, মন থেকে মুছে ফেলতে পারেননি সেই ভয়াবহ দিনের কথা। ১৩ জুনের বোয়িং দুর্ঘটনা সেটা আবার তাঁদের মনে করিয়ে দিল।

# পলিহাউসে পাটকাঠি ও খড়

**বিশ্বজিৎ সাহা**

**মাথাভাঙ্গা, ১৩ জুন :** ছিটমহল বিনিময়ের পর শীতলকুচি ব্লকের সাবেক ছিটমহল এলাকায় কৃষি উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন সরকারি উদ্যোগের মাধ্যমে গোটা কুড়ি সৌরবিদ্যুৎচালিত সেচপ্রকল্প এবং পলিহাউস নির্মাণ করা হয়। কিন্তু বর্তমানে রক্ষণাবেক্ষণের অভাবে সেসব প্রকল্পের অধিকাংশ সেচপাম্প অকেজো হয়ে পড়েছে। পলিহাউসগুলো ভেঙে পড়েছে বা পরিত্যক্ত অবস্থায় রয়েছে। দীর্ঘদিন ধরে প্রকল্পগুলি বেহাল থাকায় চুরি হয়ে যাচ্ছে সোলার প্যানেল ও অন্যান্য যন্ত্রাংশ। পলিহাউসে আধুনিক চাষ করার পরিবর্তে রাখা হচ্ছে পাটকাঠি ও খড়।

এ ব্যাপারে খলিসামারি পঞ্চায়েত প্রধান কল্পনা বর্মন বলেন, লক্ষ লক্ষ টাকা খরচ করে সৌরবিদ্যুৎচালিত সেচপ্রকল্প এবং পলিহাউস তৈরি হয়েছিল। তবে দীর্ঘদিন ধরে রক্ষণাবেক্ষণ এবং প্রযুক্তিগত সুবিধা না পাওয়ায় সেগুলির সিংহভাগ বিকল হয়ে রয়েছে। বিষয়টি গ্রাম



বিকল সৌরবিদ্যুৎচালিত সেচপ্রকল্প। শীতলকুচি ব্লকের সাবেক ছিটমহলে।

পঞ্চায়েতের নজরে আসার পর ব্লক এবং জেলা প্রশাসনকে জানানো হয়েছে। তবে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের তরফে কোনও উদ্যোগ না থাকায় ফের বিষয়টি তাদের নজরে আনা হবে।' বিষয়টি খোঁজ নিয়ে দেখা হবে বলে জানিয়েছেন শীতলকুচির বিডিও সোফিয়া আব্বাস।

শীতলকুচি ব্লকের সাবেক ছিটমহল নলগ্রাম খণ্ড, ফলনাপুরের স্থানীয় কৃষকরা জানিয়েছেন, সেচপ্রকল্পের সৌর প্যানেলগুলির নিয়মিত পরিষ্কার ও মেরামতির ব্যবস্থা না থাকায় প্যানেলগুলি ধুলোয় ঢেকেছে এবং বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা কমেছে। পাশাপাশি পলিহাউসের প্লাস্টিক শিট ছিঁড়ে গিয়েছে এবং কাঠামো জং ধরে নষ্ট হচ্ছে। অনেক ক্ষেত্রেই সরকারের তরফে কোনও রক্ষণাবেক্ষণ বা নজরদারি নেই বলে অভিযোগ।

যদিও অ্যাগ্রিমেকের মাথাভাঙ্গার জুনিয়ার ইঞ্জিনিয়ার বলিন বর্মনের বক্তব্য, প্রকল্পগুলি হ্যান্ডওভার স্কিমের অন্তর্গত। অর্থাৎ প্রকল্পগুলি তৈরি করার পর টেস্টিং করে সুবিধাভোগী গ্রুপের হাতে তুলে দেওয়া হয়েছে। শুধু সৌরবিদ্যুৎচালিত সেচপ্রকল্প এবং পলিহাউসই নয়, সঙ্গে সুবিধাভোগীদের পাওয়ার টিলার, থ্রেশার, স্প্রেয়ারের মতো কৃষি যন্ত্রাংশ দেওয়া হয়েছিল। সুবিধাভোগীদের সচেতন করার পাশাপাশি প্রশিক্ষণও দেওয়া হয়েছিল। পলিহাউসে কী করে ক্যাপসিকাম, ধনেপাতা সহ আধুনিক চাষ করা যায় সে নিয়েও প্রশিক্ষণ দেওয়া হয়েছিল একাধিকবার। তিনি আরও বলেন, 'একটু যত্ন নিলেই প্রকল্পগুলি চলত। পাশাপাশি নিজেদের মধ্যে হিংসা ও রেষারেষির জেরেই প্রকল্পগুলি নষ্ট হচ্ছে। প্রকল্পের জিনিসপত্র চুরি হলেও সুবিধাভোগীরা থানায় অভিযোগ পর্যন্ত করেনি।'

এই পরিস্থিতিতে কৃষকরা আবার পুরোনো ডিজেলচালিত পাম্পের উপর নির্ভর করতে বাধ্য হচ্ছেন, যা ব্যয়বহুল ও পরিবেশের জন্য ক্ষতিকর। সাবেক ছিটমহল ফলনাপুরের কৃষক অমর রায়ের কথায়, 'নিজেদের মধ্যে বোঝাপড়ার অভাবেই সরকারের হ্যান্ডওভার স্কিমগুলি নষ্ট হওয়ার জোগাড়।' তাঁর কথায় সায় জানালেন আরেক কৃষক নিরঞ্জন রায়ও।

অগ্নিকাণ্ডের শঙ্কা মহকুমা হাসপাতালে

# যন্ত্র থাকলেও পরিকাঠামো নেই

**বাবাই দাস**

**তুফানগঞ্জ, ১৩ জুন :** কোচবিহার জেলার চিকিৎসা মানচিত্রে অন্যতম গুরুত্বপূর্ণ লাইফলাইন তুফানগঞ্জ মহকুমা হাসপাতাল। শুধু শহর নয়, তুফানগঞ্জ মহকুমার ২৫টি পঞ্চায়েতের পাশাপাশি নিম্ন অসম থেকেও রোগীরা এখানে আসেন। কিন্তু হাসপাতালের অগ্নিনির্বাপণ ব্যবস্থা তথৈবচ। ইমার্জেন্সি ওয়ার্ড থেকে গাইনিকলজি বিভাগ, অগ্নিনির্বাপণের জন্য লাগানো হয়েছে জলের পাইপ। অথচ নেই রিজার্ভার। ফায়ার অ্যালার্মের বক্স থাকলেও তাতে নেই অ্যালার্মের কোনও অস্তিত্ব। দেওয়ালে ঝুলে রয়েছে ফায়ার এক্সটিংগুইশার। সেগুলোর মেয়াদ উত্তীর্ণ কি না সেটাও প্রশ্নের মুখে। এই পরিস্থিতিতে যে কোনও মুহূর্তে অগ্নিকাণ্ডের আশঙ্কা করছেন রোগী ও তাঁদের পরিজন।

যদিও সমস্যার কথা একরকম স্বীকার করে নিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। সুপার মৃণালকান্তি অধিকারীর সাফাই, 'দুর্ঘটনা মোকাবিলায় বিভিন্ন অগ্নিনির্বাপক যন্ত্র থাকলেও চালানোর কর্মী নেই। বিষয়টি ইতিপূর্বে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছিল। শীঘ্রই যাতে ঘাটতিগুলি পূরণ করা যায় সে ব্যাপারে আবারও জানাব।'

শুক্রবার হাসপাতালে ঢুকতেই দেখা গেল, হোসবক্সগুলো ভগ্নদশায় পড়ে। বেশ কিছু বাক্স থাকলেও তাতে নেই রোল পাইপ। সপ্তাহখানেক আগে তুফানগঞ্জ দমকলকেন্দ্রের তরফে অডিটও করা হয়েছে হাসপাতালে। তারা লিখিতভাবে বিষয়গুলি হাসপাতাল কর্তৃপক্ষকে জানিয়েছে। এ ব্যাপারে তুফানগঞ্জ দমকলকেন্দ্রের ভারপ্রাপ্ত আধিকারিক গৌতম সাহা জানান, মহকুমা হাসপাতালে একে তো নেই পর্যাপ্ত ফায়ার এক্সটিংগুইশার, তার ওপর যেগুলো আছে সেগুলো



ভাঙা অবস্থায় পড়ে রয়েছে হোসবক্স। তুফানগঞ্জ মহকুমা হাসপাতালে।

**বর্তমান অবস্থা**

- অগ্নিনির্বাপণের জন্য রয়েছে জলের পাইপ, কিন্তু নেই রিজার্ভার
- ফায়ার অ্যালার্মের বক্স থাকলেও নেই অ্যালার্মের অস্তিত্ব
- ফায়ার এক্সটিংগুইশার মেয়াদ উত্তীর্ণ কি না জানা নেই
- হোসবক্সগুলো ভগ্নদশায় পড়ে
- বেশ কিছু বাক্স থাকলেও তাতে নেই রোল পাইপ

জরুরিকালীন পরিস্থিতিতে কাজ করবে কি না তার নিশ্চয়তা নেই। আগুনের প্রাথমিক ইঙ্গিত হিসেবে ধোঁয়া শনাক্ত করার জন্য স্মোক ডিটেক্টর এবং স্প্রিংকলার থাকলেও তা নিষ্ক্রিয়। সরঞ্জামগুলি সক্রিয় না থাকায় দুর্ঘটনা ঘটলে স্বয়ংক্রিয়ভাবে কাজ করতে পারবে না।

এদিন হাসপাতালে এসেছিলেন রোগীর পরিজন রজত গুহরায়, স্বপন বসাকরা। তাঁদের মধ্যে রজত বললেন, 'বয়সের ভারে এমনিতেই ছোটাছুটি করতে পারি না। তার ওপর কোনও সময় দুর্ঘটনার কবলে পরে ক্ষতি হয়ে গেলে তার দায় কে নেবে? একটা মহাকুমা হাসপাতালে পরিকাঠামো বেহাল হওয়া কখনোই কাম্য নয়।' এ বিষয়ে হাসপাতাল কর্তৃপক্ষের পদক্ষেপ করার দাবি জানিয়েছেন তাঁরা।

তুফানগঞ্জ পূর্ত দপ্তর সূত্রে খবর, নতুন করে অগ্নিনির্বাপণ ব্যবস্থার সরঞ্জাম লাগানো হলেও রাতারাতি সেগুলি চুরি হয়ে যাচ্ছে। হাসপাতালের মতো সরকারি প্রতিষ্ঠান থেকে কারা চুরি করছে তা নিয়েও উঠছে প্রশ্ন। এই মুহূর্তে হাসপাতালে কোনও অগ্নিকাণ্ডের ঘটনা ঘটলে কীভাবে তার মোকাবিলা করা হবে, জানা নেই খোদ কর্তৃপক্ষেরই। এ বিষয়ে জেলা স্বাস্থ্য আধিকারিক হিমাদ্রিকুমার আড়ির সঙ্গে যোগাযোগ করা হলেও তিনি ফোন না ধরায় প্রতিক্রিয়া জানা যায়নি।



পাঠকের লেন্সে 8597258697 picforubs@gmail.com

উড়ন্ত শৈশব।। মাটিকুন্ডার ঝলঝলিতে ছবিটি তুলেছেন মনীষ দত্ত।

# ক্যানসার চিকিৎসায় দিশা জলপাইগুড়ি মেডিকেল কলেজের

**সৌরভ দেব**

**জলপাইগুড়ি, ১৩ জুন :** ট্রুকাট বায়োপসি, সিটি গাইডেড এফএনএসি সহ ক্যানসার রোগের চিকিৎসায় একাধিক আধুনিক পরিষেবা মিলছে জলপাইগুড়ি মেডিকেল কলেজে। ক্যানসারের চিকিৎসা এমনিতেই ব্যয়বহুল। বাইরে বেসরকারি কোনও চিকিৎসা প্রতিষ্ঠানে সেসব পরিষেবা পেতে লক্ষ লক্ষ টাকা খরচ করতে হয়। বিশেষ করে আর্থিকভাবে দুর্বল কারও পক্ষে সেই চিকিৎসা করানোও মুশকিল। এই পরিস্থিতিতে মেডিকেল কলেজ থেকে বিনামূল্যে একই পরিষেবা পেয়ে সুস্থ হয়ে স্বাভাবিক জীবনযাপন করছেন অনেকেই।

জলপাইগুড়ি মেডিকেল কলেজের প্রতিষ্ঠার সময় থেকেই এখানে অঙ্কোলজি বিভাগটি রয়েছে। রোগীর সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে এই বিভাগের পরিকাঠামো বেড়েছে। পরিষেবা আধুনিক হয়েছে। চলতি বছরে এখনও পর্যন্ত ১৬০ জন নতুন রোগী এই বিভাগে চিকিৎসা পরিষেবার জন্য এসেছেন। আর ফলোআপ রোগীর সংখ্যা ৭৩৪। একটা সময় ছিল যখন পরিকাঠামোগত সমস্যায় এখানে ক্যানসার রোগ নির্ণয়ের জন্য বায়োপসি পরীক্ষা পর্যন্ত হত না। বর্তমান রোগ নির্ণয়ের জন্য আধুনিক সিটি স্ক্যান গাইডেড বায়োপসি পর্যন্ত এখানে হচ্ছে।

জলপাইগুড়ি মেডিকেল কলেজের ক্যানসার রোগ বিশেষজ্ঞদের দাবি, প্রথম ধাপে ক্যানসার রোগ ধরা পড়লে ৮০ থেকে ৯০ শতাংশ ক্ষেত্রে রোগী সম্পূর্ণ সুস্থ হয়ে যাচ্ছেন। এই জায়গায় দাঁড়িয়ে ক্যানসার রোগের চিকিৎসায় যে দিশা দেখাচ্ছে জলপাইগুড়ি মেডিকেল কলেজ, তা বলাই বাহুল্য। জলপাইগুড়ি মেডিকেল কলেজের এমএসভিপি ডাঃ কল্যাণ খান বলেন, 'আমাদের ক্যানসার বিভাগে এখন সব থেকে আধুনিক প্রযুক্তি ব্যবহার করে রোগ শনাক্তকরণ করা হচ্ছে। যে পরীক্ষানিরীক্ষাগুলো করতে বাইরে মোটা টাকা খরচ হয়, সেগুলো সম্পূর্ণ বিনামূল্যে মেডিকেল কলেজে থেকে করা হচ্ছে। শুধু পরীক্ষানিরীক্ষাই নয়, বেশ কিছু কেমোথেরাপি এবং ইনজেকশন দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। সেইসব পরিষেবার এক-একটির দাম লক্ষাধিক টাকা। সেগুলো আমাদের এখান থেকে সম্পূর্ণ বিনামূল্যে দেওয়া হচ্ছে।'

কোনও বেসরকারি প্রতিষ্ঠানে সিটি স্ক্যান গাইডেড বায়োপসির খরচ ১৫ থেকে ২০ হাজার টাকা। জলপাইগুড়ি মেডিকেল কলেজে তা বিনামূল্যে হয়। ব্রেস্ট ক্যানসার নির্ণয়ের ক্ষেত্রে যে নমুনা সংগ্রহ করতে হয়, তা এতদিন রোগীকে হাসপাতালে ভর্তি রেখে অপারেশন থিয়েটারে নিয়ে গিয়ে করতে হত। ট্রুকাট বায়োপসি পদ্ধতিতে এখন খুব অল্প সময়ে এই নমুনা সংগ্রহ করা যাচ্ছে।

মেডিকেলের অঙ্কোলজি বিভাগের প্রধান প্রেমনাথ দত্ত বলেন, 'আমরা ইতিমধ্যে ৫০টির ওপর সিটি গাইডেড এফএনএসি এবং ১৫টি ট্রুকাট বায়োপসি করেছি।'

### বেহাল রাস্তায় ভোগান্তি

**জামালদহ, ১৩ জুন :** মেখলিগঞ্জ ব্লকের জামালদহের টিকাভিজা মোড় থেকে কেশারহাট পর্যন্ত প্রায় চার কিলোমিটার রাস্তাটি দীর্ঘদিন ধরে বেহাল অবস্থায় পড়ে রয়েছে। প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনার অন্তর্গত রাস্তাটি সংস্কারের কোনও উদ্যোগ নেওয়া হয়নি। রাস্তার ওপর থেকে পিচের চাদর উঠে গিয়েছে। কিছু জায়গায় বড় বড় গর্ত তৈরি হয়েছে। বৃষ্টি হলে সেই সকল গর্তে জল জমে থাকে। অল্প বৃষ্টিতে এই রাস্তায় কাদা জমে যায়। ফলে রাস্তাটি যানবাহন চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। অপরদিকে বৃষ্টি ছাড়া অন্য সময় ওই রাস্তা দিয়ে যানবাহন চললে দু'পাশ ধুলোয় ঢেকে যায়। পথচলতি মানুষের ভোগান্তির শেষ নেই। এবিষয়ে জেলা পরিষদ সদস্য কেশবচন্দ্র বর্মন জানান, প্রধানমন্ত্রী গ্রামীণ সড়ক যোজনার অন্তর্গত রাস্তাগুলির ক্ষেত্রে নির্দিষ্ট সময় অন্তর কাজ হয়। খুব শীঘ্র রাস্তাটি মেরামত করার আশ্বাস দিয়েছেন তিনি।

গুরুত্বপূর্ণ এই রাস্তাটি সংস্কার করার জন্য প্রশাসনের পক্ষ থেকে কেন কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না তা নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন স্থানীয়রা।

### পাড়বাঁধ সুরক্ষায়

**ফুলবাড়ি, ১৩ জুন :** মাথাভাঙ্গা-২ ব্লকের বড় শৌলমারি গ্রাম পঞ্চায়েতের উত্তর দরিবস ফুলবাড়িতে ডুডুয়া নদীর পাড়বাঁধের সুরক্ষায় পাথরের জালি তৈরির কাজ শুরু করেছে সেচ দপ্তর। এলাকাবাসীদের তরফে সেচ দপ্তরের কাছে বাঁধের সুরক্ষার জন্য দাবি জানানো হয়েছিল। সেচ দপ্তরের মাথাভাঙ্গার অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার শ্রীবাস ঘোষ বলেন, 'খুব তাড়াতাড়ি কাজ শেষ হবে।'

# অভাবে পাটি গাছের জমি বিক্রি

**তাপস মালাকার**

**নিশিগঞ্জ, ১৩ জুন :** নিশিগঞ্জের পাটি গ্রামে এলে দেখা যাবে, এখানে অনেক শিল্পী শীতলপাটি বুনতে ব্যস্ত। যদিও প্রচারের অভাবে সিটকিবাড়ির পাটিশিল্প আজও নিজস্বতার গৌরব অর্জন করতে পারেনি বলে স্থানীয় শীতলপাটি কারিগরদের আক্ষেপ রয়ে গিয়েছে। এমনকি অভাবের কারণে অনেক পাটিশিল্পী পাটি গাছের জমি বিক্রি করে দিচ্ছেন।

পাটিশিল্পী রথীন দে'র কথায়, 'প্রায় ৬০ বছর ধরে এখানকার শিল্পীরা পাটি তৈরি করছেন। কিন্তু সেই পাটি পাইকারদের হাত দিয়ে ভিনরাজ্যে বিক্রি হয় ঘুঘুমারির পাটি বলেই।'

নিশিগঞ্জ-১ পঞ্চায়েতের সিটকিবাড়ি গ্রামের আরও ৫৬টি



পাটি বুনতে ব্যস্ত এক গৃহবধূ। নিশিগঞ্জের সিটকিবাড়ি গ্রামে।

পরিবারের সদস্যরা এই কাজ করেন। পাশের ভোগমারা গ্রামের ১৫টি পরিবার দেশ ভাগের পর থেকে বংশপরম্পরায় শীতলপাটি তৈরি করেন। শুক্রবার সকালে গিয়ে দেখা গেল, টিনের বাড়ির দাওয়ায় বসে শীতলপাটি বুনছিলেন গৃহবধূ সরস্বতী দে। বললেন, 'ভালো নেই আমরা। গরমে চাহিদা বাড়লেও পাটি বুনে এখন আর ভালোভাবে সংসার চলে না।' নিশিগঞ্জের শীতলপাটির মান যথেষ্ট উন্নত বলে দাবি স্থানীয় পাটিশিল্পীদের। তবে, এই শিল্প ধরে রাখতে সরকারি সহযোগিতা প্রয়োজন বলে জানালেন নিশিগঞ্জ সিটকিবাড়ির শীতলপাটিশিল্পী বলরাম দে। বললেন, 'নতুন প্রজন্মের ছেলেমেয়েরা আর পাটিয়াল হতে চাইছে না। এ কাজে যে আয় হয় তা দিয়ে সংসার চালানো যায় না।' সরকারি সহযোগিতা পেলে ঘুরে দাঁড়াতে পারত এখানকার পাটিশিল্প বলে মনে করেন স্থানীয় স্কুল শিক্ষক চিন্ময় কুণ্ডুও।

তাঁরা জানান, আজকাল শীতলপাটি দিয়ে ব্যাগ, ট্রে, ল্যাম্পশেড, জুতো তৈরি হচ্ছে। তবে ভিনরাজ্যের বাজারে সেসবের চাহিদা থাকলেও এখানকার পাটিশিল্পীরা পাটি ছাড়া অন্যান্য শিল্পকর্ম স্থানীয়ভাবে বাজারজাত করতে পারছেন না। তাই এখন শীতলপাটিই প্রধানত তৈরি করেন তাঁরা। ব্যতিক্রম আছে। কিছু পরিবার পাটি দিয়ে শৌখিন দ্রব্য তৈরি করে স্থানীয় বাজারে তা বিক্রি করছে।

পাটিশিল্পীরা জানালেন, শীতলপাটি দিয়ে ডাইনিং টেবিলের ম্যাট, বাতির শেড, ব্যাগ, ওয়ালেট থেকে ওয়ালম্যাটও তৈরি করা যায়। কিন্তু সেসব বানাবে কে? রাজ্য সরকার প্রচার করে জেলায় জেলায় শপিং মল তৈরি হবে যেখানে স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা কুটিরশিল্প সামগ্রী বিক্রি করার সুযোগ পাবেন। কিন্তু সেসব আর হয় না। যদিও ব্লকের পাটিশিল্পীদের সরকারি সুবিধা পাইয়ে দিতে উদ্যোগী হবেন বলে জানালেন মাথাভাঙ্গা-২ পঞ্চায়েত সমিতির সভাপতি সাবলু বর্মন।

# এক্স-রে প্লেট অমিল

## মোবাইলে রিপোর্ট দেখছেন এমজেএনের চিকিৎসকরা

**শিবশংকর সূত্রধর**

**কোচবিহার, ১৩ জুন :** এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে এক্স-রে প্লেট নেই। ফলে চিকিৎসার জন্য মোবাইলে সেই রিপোর্ট পাঠাতে হচ্ছে। সেই রিপোর্ট দেখে চিকিৎসকরা চিকিৎসা করছেন। এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালের এই দশায় রোগীর পরিজনরা ক্ষোভ প্রকাশ করেছেন। বৃহস্পতিবার বিকাল থেকে এই সমস্যা শুরু হয়েছে। শুক্রবার দিনভর পরিষেবা ব্যাহত হয়। এক্স-রে পরিষেবা নিয়ে মাঝেমধ্যে সমস্যা দেখা দেওয়ায় সংশ্লিষ্ট এজেন্সিকে এদিন কর্তৃপক্ষ শোকজ করেছে। প্রয়োজনে এজেন্সি বাতিলের হুঁশিয়ারিও দেওয়া হয়েছে। যদিও দ্রুত সমস্যা মিটে যাবে বলে তাঁরা আশ্বাস দিয়েছেন। এমএসভিপি সৌরদীপ রায় বলেন, 'সমস্যার কথা শোনার পর সংশ্লিষ্ট এজেন্সিকে শোকজ করেছি। ওরা বলেছে দ্রুত সমস্যা মেটাবে। জরুরি ভিত্তিতে এক্স-রে রিপোর্ট মোবাইলে পাঠিয়ে দিয়ে চিকিৎসা করা হচ্ছে। চিকিৎসকরা মোবাইলের স্ক্রিনে এক্স-রে রিপোর্ট দেখছেন।'

হাসপাতাল সূত্রে খবর, পিপিই মডেলে একটি এজেন্সির মাধ্যমে সেখানকার এক্স-রে পরিষেবা দেওয়া হয়। প্রতিদিন কমবেশি ২৫০-৩০০ জন রোগীর এক্স-রে করা হয়। এক্স-রে মেশিন ঠিক থাকলেও প্লেট না থাকায় রোগীরা বিপাকে পড়েছেন। এর জেরে রোগীদের এক্স-রে করা হলেও রিপোর্ট মিলছে না। শুক্রবার সকালে এখানে নাজিমা বেগম এক্স-রে করাতে এসেছিলেন। তাঁর কথায়, 'সকাল ১১টায় পায়ের এক্স-রে করিয়েছি। রিপোর্ট দিতে দেরি হবে বলে জানিয়েছে। সকাল থেকে বসে আছি। কখন রিপোর্ট দেবে বুঝতে পারছি না।' ক্ষোভের সুরে দিনহাটার বাসিন্দা মঞ্জু সেনের প্রশ্ন, 'রিপোর্ট যদি দিতেই না পারে তাহলে এক্স-রে করে কী লাভ?'

এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালের এই পরিষেবায় বিভিন্ন মহলে ক্ষোভ দানা বেঁধেছে। বিষয়টি নিয়ে অনেকে সমাজমাধ্যমে সরব হয়েছেন। এক রোগীর পরিজন সায়ন দাসের বক্তব্য 'প্রতিদিন অনেক মানুষ এখানে পরিষেবা নিতে আসেন। ফলে এখানে বিকল্প ব্যবস্থা রাখা উচিত।' কোচবিহার তো বটেই পার্শ্ববর্তী আলিপুরদুয়ার ও নিম্ন অসমে অনেক মানুষ প্রতিদিন এখানে চিকিৎসা করান। কিন্তু এক্স-রে'র মতো সাধারণ একটি পরিষেবাও স্বাভাবিকভাবে না পাওয়ায় তাঁরা ক্ষুব্ধ।



*এমজেএন হাসপাতালে এক্স-রে রিপোর্টের অপেক্ষায় রোগীরা। -জয়দেব দাস*

> সমস্যার কথা শোনার পর সংশ্লিষ্ট এজেন্সিকে শোকজ করেছি। ওরা বলেছে দ্রুত সমস্যা মেটাবে। জরুরি ভিত্তিতে এক্স-রে রিপোর্ট মোবাইলে পাঠিয়ে দিয়ে চিকিৎসা করা হচ্ছে। চিকিৎসকরা মোবাইলের স্ক্রিনে এক্স-রে রিপোর্ট দেখছেন।
>
> **-সৌরদীপ রায়**
> *এমএসভিপি*

**বাড়ছে ক্ষোভ**

- শুক্রবার দিনভর এক্স-রে পরিষেবা ব্যাহত হয়
- হাসপাতালের এই দশায় রোগীর পরিজনরা ক্ষোভ প্রকাশ করেছেন
- এক্স-রে পরিষেবা নিয়ে মাঝেমধ্যে সমস্যা দেখা দেওয়ায় সংশ্লিষ্ট এজেন্সিকে এদিন কর্তৃপক্ষ শোকজ করেছে
- প্রয়োজনে এজেন্সি বাতিলের হুঁশিয়ারি দেওয়া হয়েছে

# রামসুন্দর সেতুর নীচের আগাছা পরিষ্কারের দাবি

**তুষার দেব**

**দেওয়ানহাট, ১৩ জুন :** কোচবিহার-১ ব্লকের টাপুরহাট মোড় থেকে গোসানিমারিগামী কাকিনা রোডে বুড়া ধরলা নদীর ওপর রামসুন্দর সেতু রয়েছে। বর্তমানে সেই সেতুর বেহাল দশা। সেতুর লোহার কাঠামোয় কচুরিপানা আটকে রয়েছে। এছাড়া সেতুর নীচে আগাছায় পরিপূর্ণ। এদিকে সেতুর ওপর ক্রমাগত চাপ বাড়ছে। তাই অবিলম্বে কচুরিপানা ও আগাছা পরিষ্কার করার দাবি জানিয়েছেন নিত্যযাত্রীরা। তা না হলে দিনের পর দিন এমন চলতে থাকলে সেতুর ক্ষতি হতে পারে এমনটাই আশঙ্কা সকলের। এবিষয়ে কোচবিহার জেলা পরিষদের সহ সভাপতি আবদুল জলিল আহমেদের সঙ্গে যোগাযোগ করা হলে তাঁর বক্তব্য, 'আমি স্থানীয় গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষের সঙ্গে সেতুটির ব্যাপারে কথা বলব। তারা যেন শ্রমিক নিয়োগ করে দ্রুত সেতুর নীচের কচুরিপানা ও আগাছা পরিষ্কার করে দেয় তাও দেখব।'

কোচবিহার জেলা সদরের দক্ষিণে পাটছড়া ও পাহাড়গঞ্জ এলাকার মাঝামাঝি জায়গায় এই সেতু রয়েছে। আগে নদী পারাপারের জন্য কাঠের সেতুই ছিল একমাত্র ভরসা। ২০০৫ সালে এলাকাবাসীর দাবি মেনে সেখানে ৪৮ মিটার দীর্ঘ লোহার সেতু তৈরি করা হয়। বর্তমানে কোচবিহার-১ ব্লকের পাটছড়া, হাঁড়িভাঙ্গা, পুঁটিমারি, ফুলেশ্বরী, চিলকিরহাট, চান্দামারি ও শুকটাবাড়ি সহ দিনহাটা মহকুমার গোসানিমারি, সিতাই, পেটলা এলাকার বাসিন্দা এই সেতুর ওপর নির্ভরশীল। সেতু পেরিয়ে তাঁরা রোজ জেলা সদর ও দিনহাটা মহকুমার দিকে বিভিন্ন গন্তব্যে যাতায়াত করেন। কর্মসূত্রে কোচবিহার শহরের থেকেও বহু মানুষকে যাওয়া আসা করতে হয়।

পূর্ত (সড়ক) দপ্তর ২০১৮ সালে রামসুন্দর সেতুকে দুর্বল সেতু হিসেবে চিহ্নিত করেছিল। ভারী যান চলাচলে নিষেধাজ্ঞা জারি করে সেতুর দু'পাশে উচ্চতা নিয়ন্ত্রক ব্যারিয়ারও লাগানো হয়। অবশেষে বছর দুয়েক আগে সেতুটি সংস্কার করা হয়। কিন্তু অভিযোগ, তারপর থেকে সেতুটির রক্ষণাবেক্ষণে সংশ্লিষ্ট দপ্তরের ভূমিকায় নিত্যযাত্রীরা হতাশ। গোসানিমারির বাসিন্দা প্রতুল দত্ত রোজ এই সেতু পেরিয়েই যাতায়াত করেন। তাঁর কথায়, 'অনেকদিন ধরেই সেতুর কাঠামোয় কচুরিপানা আটকে রয়েছে। তাছাড়াও বিভিন্ন আগাছাও চোখে পড়ে। এভাবে দিনের পর দিন চলতে থাকলে সেতুর লোহার কাঠামো নষ্ট হয়ে বড় ক্ষতি হয়ে যেতে পারে।' তাঁর মতোই নিত্যযাত্রী দীপা রায়, আসমত মিয়াঁ, বিরাজ বর্মনদেরও একই মত। দীপা জানান, ভারী বৃষ্টি হলে কচুরিপানার স্তরের জন্য সেতুর কাঠামোর ওপর চাপ পড়ে।



*রামসুন্দর সেতুর নীচে কচুরিপানা ও আগাছা।*



*সেতুর অ্যাপ্রোচ রোড সংস্কার শুরু গ্রামবাসীর। বাইশগুড়ি গ্রামে মরা সুটুঙ্গা সেতুতে।*

# সেতুর রাস্তা সংস্কারে স্বেচ্ছাশ্রম

## চাঁদা তুলে উদ্যোগী বাইশগুড়ির বাসিন্দারা

**বিশ্বজিৎ সাহা**

**মাথাভাঙ্গা, ১৩ জুন :** গত একদশক ধরে গ্রামের লোহার সেতুর অবস্থা জরাজীর্ণ। লোহার পিলারগুলির একাংশে জং ধরেছে। সেতুর উপর দিয়ে মোটরবাইক গেলে সেতু কেঁপে ওঠে। বিপজ্জনক অবস্থায় সেতুর দু'দিকের অ্যাপ্রোচ রোড সহ রাস্তার নানা অংশ। বহুদিন রক্ষণাবেক্ষণের অভাবে সেতুর দু'ধারে এবং রাস্তায় বড় বড় গর্ত তৈরি হয়েছে, কোথাও ধসে পড়েছে মাটি। প্রতিদিন সেতুতে ওঠানামার সময়ে বাইকচালক, সাইকেল আরোহী এবং টোটোচালকদের ছোটখাটো দুর্ঘটনার শিকার হতে হচ্ছে। মাথাভাঙ্গা-১ ব্লকের পচাগড় গ্রাম পঞ্চায়েত অফিস থেকে ঢিল ছোড়া দূরত্বে বাইশগুড়ি গ্রামের মরা সুটুঙ্গা নদীর উপর লোহার সেতুর বদলে নতুন সেতু তৈরি এবং অ্যাপ্রোচ রোড তৈরি সহ বেহাল রাস্তা সংস্কার এলাকাবাসীর দীর্ঘদিনের দাবি। গ্রাম পঞ্চায়েত এই দাবিতে কর্ণপাত না করায় শুক্রবার সকাল থেকে স্বেচ্ছাশ্রম দিয়ে অ্যাপ্রোচ রোড সহ বেহাল রাস্তা সংস্কারের কাজ শুরু করলেন গ্রামবাসীরা। চাঁদা তুলে সংস্কারের কাজে হাত দিলেন তাঁরা।

এদিন সকাল থেকে গ্রামের জনা ত্রিশেক বাসিন্দা স্বেচ্ছায় শামিল হন। দেখা গেল, ওঁদের কেউ গর্তগুলি মাটি দিয়ে ভরাট করছেন, কেউ আবার ইট-সুরকি নিয়ে সংস্কারের কাজে শামিল। প্রবীণ গ্রামবাসী মনসুর আলি বললেন, 'দুর্ঘটনা লেগেই আছে। তাই আর অপেক্ষা না করে নিজেরা সংস্কারের কাজে হাত লাগিয়েছি।' একই কথা বলেছেন গ্রামবাসী হায়দার আলি, এক্রামুল হক, মহাবুল হোসেন। গ্রামের বাসিন্দা বিশ্বজিৎ দাস বললেন, 'সরকারি সাহায্য না পেলে রাস্তাঘাট ঠিক রাখতে নিজেদেরই উদ্যোগী হতে হবে।'

স্থানীয়রা জানিয়েছেন, প্রাথমিকভাবে ৫০ হাজার টাকা ব্যয় হচ্ছে। পচাগড় গ্রাম পঞ্চায়েতের প্রধান কুন্তী বর্মন বললেন, 'নতুন সেতু তৈরি এবং বেহাল রাস্তা সংস্কারের কাজের বিষয়টি গ্রাম পঞ্চায়েতের ভাবনায় রয়েছে। সেতুর অ্যাপ্রোচ রোড সহ গোটা রাস্তাটি ইতিমধ্যে 'পথশ্রী' প্রকল্পের আওতায় আনা হয়েছে। লোহার দুর্বল সেতু সংস্কারের জন্য কোচবিহার জেলা পরিষদের দ্বারস্থ হয়েছে গ্রাম পঞ্চায়েত কর্তৃপক্ষ।'

২০০৮ সালে বাম আমলে দ্বাদশ অর্থ কমিশনের টাকায় লোহার সেতুটি তৈরি করা হয়। গ্রামবাসীদের অভিযোগ, বিভিন্ন রাজনৈতিক দল ভোটের আগে বেহাল সেতু সংস্কারের প্রতিশ্রুতি দিয়েছে। অথচ ভোট ফুরোলে জনপ্রতিনিধিদের দেখা মেলে না। বাইশগুড়ি গ্রামের বাসিন্দা শেখ জামাল মিয়াঁ বললেন, 'বহুবার পঞ্চায়েত প্রধান এবং পঞ্চায়েত সদস্যদের কাছে সেতু সংস্কারের আবেদন জানিয়ে ফল হয়নি। এরপর অ্যাপ্রোচ রোড সহ রাস্তার বিভিন্ন অংশ সংস্কারের কাজে হাত লাগিয়েছি।'

**সমস্যা যেখানে**

- অ্যাপ্রোচ রোড সহ বেহাল রাস্তা সংস্কারে প্রাথমিকভাবে ৫০ হাজার টাকা ব্যয় হচ্ছে
- গ্রামের জনা ত্রিশেক বাসিন্দা স্বেচ্ছায় শামিল
- স্থানীয় পঞ্চায়েত আবেদন সত্ত্বেও সেতুর সংস্কারে কাজে হাত দেয়নি বলে অভিযোগ
- গত একদশক ধরে গ্রামের লোহার সেতুর অবস্থা জরাজীর্ণ

> সরকারি সাহায্য না পেলে রাস্তাঘাট ঠিক রাখতে নিজেদেরই উদ্যোগী হতে হবে।
>
> **-বিশ্বজিৎ দাস**
> *গ্রামের বাসিন্দা*

# কাগজে খোলা 'বন্ধ' বাগান

**জয়গাঁ, ১৩ জুন :** কাগজে-কলমে মৃত, অথচ বাস্তবে জীবিত, এমন ঘটনার কথা আগেও শোনা গিয়েছে। এই বিষয়টি নিয়ে তো একটি হিন্দি সিনেমাও হয়েছে। কিন্তু কাগজে-কলমে খোলা, অথচ বাস্তবে বন্ধ বাগানের কথা শোনা গিয়েছে কি আগে কখনও? জসপার টেটের মতো বন্ধ দলসিংপাড়া চা বাগানের শ্রমিকরা অবশ্য এতকিছু জানতেও চান না। তাঁরা পেটে ভাত চান।

দলসিংপাড়া গুদরিবাজার লাইন ধরে হেঁটে গেলেই দেখা মিলবে সেই চা বাগানের ফ্যাক্টরির। আড়াই বছর হতে চলল সকালে ফ্যাক্টরির সাইরেন আর শুনতে পান না শ্রমিক সহ এলাকার বাসিন্দারা। ফ্যাক্টরি গেটে ঝুলছে তালা। জং ধরেছে সেই তালাতে। একটু উঁকিঝুঁকি দিলে দেখা যায় ফ্যাক্টরির জরাজীর্ণ চেহারা। বড় বড় আগাছায় ঢেকেছে ফ্যাক্টরি। শ্রমিকরা বলছেন বাগান বন্ধ। কিন্তু শ্রম দপ্তরের তরফে জানানো হয়েছে, গত ফেব্রুয়ারি মাসেই দলসিংপাড়া চা বাগান খুলে গিয়েছে। আলিপুরদুয়ার জেলার শ্রম দপ্তরের ডেপুটি লেবার কমিশনার গোপাল বিশ্বাস বলেছেন, 'এই বাগানটি চালু রয়েছে বলে আমাদের কাছে নথি রয়েছে।'

অর্থাৎ, বাগানটি কাগজে-কলমে 'জীবিত'। কিন্তু বাগানের শ্রমিকরা কী বলছেন? শ্রম দপ্তরের বাগান খুলে যাওয়ার দাবিকে ভিত্তিহীন বলে উড়িয়ে দিয়েছেন চা বাগানের তৃণমূল ও বিজেপি দুই ইউনিয়নের নেতারাই। তৃণমূল শ্রমিক ইউনিয়নের সম্পাদক মহম্মদ সাজু বলেন, 'শ্রম দপ্তর কীভাবে বলছে বাগান খোলা? বাগান বন্ধ ছিল বলে ফাওলইয়ের ওপরই নির্ভরশীল ছিলেন বাগানের অধিকাংশ শ্রমিক। সেই ফাওলইও এখন বন্ধ হয়ে গিয়েছে। শীঘ্র তা চালু না হলে আমরা বৃহত্তর আন্দোলনে শামিল হব।' আর বাগানের বিজেপি নেতা জয়বাহাদুর রাই বলেন, 'বাগান তো বন্ধই। শ্রমিকরাও কর্মহীন।'

গত ২০২৩ সালে দুর্গাপুজোর বোনাস নিয়ে শ্রমিক-মালিক বচসার জেরে বন্ধ হয়ে যায় দলসিংপাড়া চা বাগান। আড়াই বছরের বেশি সময় হয়ে গেল বাগান বন্ধই। এতদিন তো সেই বাগানে ফাওলই দিচ্ছিল প্রশাসন। গত মাস পাঁচেক ধরে সেটাও বন্ধ। বন্ধ তো হবেই, কারণ নথিতে তো বাগান খোলাই! এব্যাপারে শ্রম দপ্তরের আধিকারিক বলেন, 'উর্ধ্বতন কর্তৃপক্ষ থেকে নির্দেশ এসেছে ফাওলই বন্ধ করার, তাই করা হয়েছে।'

শ্রম দপ্তরের দাবি মানতে নারাজ বাগানের শ্রমিক থেকে শুরু করে শ্রমিক ইউনিয়নের সদস্যরাও। তাঁদের কথায়, বাগানের কারখানায় তালা ঝুলছে। বাগানের চারদিক ছেয়ে গিয়েছে আগাছায়। এমন দৃশ্য দেখে কে বলবে বাগান খুলেছে? বাগানের শ্রমিক জাসপার টেটে বললেন, 'বাগান খোলার কোনও নাম নিচ্ছে না কর্তৃপক্ষ। এদিকে, ফাওলই হিসেবে ১৫০০ টাকা পেতাম। সেটাও বন্ধ। আমাদের কীভাবে চলবে?'

বাগানের আরেক শ্রমিক মিরা গুরুংয়ের মুখেও একই দুর্দশার কাহিনী শোনা গেল। বললেন, 'ফাওলই মিললে আমাদের সাহায্য হত। সেটাও পাচ্ছি না। আমাদের পরিস্থিতি খুব খারাপ। অনাহারে দিন কাটছে।'

দলসিংপাড়া চা বাগান বন্ধ নাকি খোলা? এই প্রসঙ্গে ডিবিআইটিএ ডুয়ার্স শাখার সচিব শুভাশিস মুখোপাধ্যায় কিন্তু শ্রম দপ্তরের উলটো কথা বলছেন। বললেন, 'আমাদের কাছে তথ্য রয়েছে দলসিংপাড়া চা বাগান বন্ধ। এর থেকে বেশি কিছু আমি জানি না।'



**পোষ্যদের নিয়ে ঘরে ফেরা।।** *শুক্রবার কোচবিহারের কালজানি নদীর পাড়ে। ছবি : অপর্ণা গুহ রায়*

# গোঁসাইরহাট পঞ্চায়েত দপ্তরে তীব্র জলকষ্ট

**মনোজ বর্মন**

**শীতলকুচি, ১৩ জুন :** গত ৬ মাস ধরে গ্রাম পঞ্চায়েত অফিস চত্বরে থাকা পানীয় জলের দুটি জলাধার বেহাল। পানীয় জল পাচ্ছেন না গ্রাম পঞ্চায়েত অফিসে কাজকর্মে আসা মানুষজন। তীব্র তাপপ্রবাহে জলের খোঁজে তাঁদের হন্যে হয়ে ঘুরতে হচ্ছে। এই পরিস্থিতি শীতলকুচি ব্লকের গোঁসাইরহাট গ্রাম পঞ্চায়েত অফিস চত্বরের। অবিলম্বে দুটি জলাধার সংস্কারের দাবি জানিয়েছেন পঞ্চায়েত অফিসে কাজে আসা বাসিন্দারা।

গোঁসাইরহাট গ্রাম পঞ্চায়েতের প্রধান কনক বর্মন বললেন, 'জল তোলার মোটর খারাপ হওয়ায় জলাধার থেকে এখন জল মিলছে না। দ্রুত মোটর সারাই করা হবে।' শীতলকুচির বিডিও সোফিয়া আব্বাস বললেন, 'গ্রাম পঞ্চায়েত থেকে খোঁজ নিয়ে ব্যবস্থা নেওয়া হবে।' বিজেপির শীতলকুচি ৫ নম্বর মণ্ডলের সভাপতি পবিত্র অধিকারীর অভিযোগ, 'পানীয় জলের জলাধার দুটি সংস্কারের নাম করে তৃণমূল পরিচালিত গ্রাম পঞ্চায়েত টাকা হাতিয়ে নিয়েছে। এজন্য মানুষজন কয়েক লক্ষ টাকা ব্যয়ে তৈরি জলাধার থেকে পানীয় জল পাচ্ছেন না। তাতে পঞ্চায়েত প্রধানের মাথাব্যথাও নেই।'

এর আগে ২০২৪ সালে জলাধার দুটি সংস্কার করা হয়। তাতে কাজ হয়নি। এলাকার বাসিন্দারা জানিয়েছেন, ৬ মাস আগে গ্রাম পঞ্চায়েত অফিসে প্রথমে একটি জলাধার বসানো হয়। সেটি বেহাল হওয়ায় ফের আরেকটি জলাধার বসানো হয়। মোটে কয়েকমাস ওই দুটি জলাধার চালু ছিল। এরপর থেকে বিকল।

গ্রাম পঞ্চায়েত অফিসে কাজে আসা স্থানীয় বাসিন্দা বিকাশ বর্মন বললেন, 'প্রতিদিন নানা কাজে এলাকার কয়েকশো বাসিন্দা গ্রাম পঞ্চায়েত অফিসে আসেন। তীব্র গরমে পানীয় জলের অভাবে তাঁদের কষ্ট পেতে হচ্ছে। পানীয় জলের পরিষেবা দ্রুত স্বাভাবিক করা হোক।' গ্রাম পঞ্চায়েত অফিসে আসা স্থানীয় গৃহবধূ দীপশিখা বর্মন বললেন, 'জলাধারের কোনও কল দিয়ে জল বেরোচ্ছে না।'



*গোঁসাইরহাট গ্রাম পঞ্চায়েতের বেহাল জলাধার।*

> প্রতিদিন নানা কাজে এলাকার কয়েকশো বাসিন্দা গ্রাম পঞ্চায়েত অফিসে আসেন। তীব্র গরমে পানীয় জলের অভাবে তাঁদের কষ্ট পেতে হচ্ছে। পানীয় জলের পরিষেবা দ্রুত স্বাভাবিক করা হোক।
>
> **-বিকাশ বর্মন**
> *স্থানীয় বাসিন্দা*

## স্মারকলিপি

**কোচবিহার, ১৩ জুন :** পুরসভাকে নানা দাবিদাওয়া জানিয়ে লাভ হয়নি এই অভিযোগে সিপিএম শুক্রবার সদর মহকুমা শাসকের দ্বারস্থ হয়। সিপিএমের কোচবিহার শহর উত্তর ও দক্ষিণ এরিয়া কমিটি একটি মিছিল করে সাগরদিঘি চত্বরে মহকুমা শাসকের দপ্তরের সামনে জমায়েত হয়। সেখানে একটি স্মারকলিপিও দেওয়া হয়েছে। কোচবিহারের হেরিটেজ রক্ষার দাবি সহ শহরে পানীয় জলের সংকট মেটানো, নিকাশি ও রাস্তাঘাটের সংস্কারের দাবি তোলা হয়। আন্দোলনকারীদের তরফে নুরুল আমিন খন্দকার বলেন, 'দাবি না মিটলে আরও বৃহত্তর আন্দোলন করা হবে।'

# ৫ মাসের মধ্যে বদলি প্রধান শিক্ষক

**গৌরহরি দাস**

**কোচবিহার, ১৩ জুন :** প্রাথমিক স্কুলে প্রধান শিক্ষক হিসেবে যোগ দেওয়ার পাঁচ মাসের মধ্যেই কোনও কারণ ছাড়া বদলি করা হল শিক্ষককে। গত আটবছরে এই নিয়ে পাঁচবার বদলি হলেন ওই প্রাথমিক শিক্ষক। এমনই অভিযোগ জানিয়ে কোচবিহারে আন্দোলনে নেমেছে অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘ। সংগঠনের দাবি, প্রাথমিক শিক্ষা পর্ষদের নিয়ম না মেনে সম্পূর্ণ অনৈতিকভাবে বদলি করা হয়েছে ওই শিক্ষককে। বিষয়টি নিয়ে সংগঠনের তরফে শুক্রবার কোচবিহার জেলা বিদ্যালয় পরিদর্শকের (প্রাথমিক) কাছে অভিযোগপত্র জমা দেওয়া হয়।

কোচবিহার জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের চেয়ারপার্সন রজত বর্মা বলেন, 'গজেনচন্দ্র বর্মন নামে ওই শিক্ষকের বিরুদ্ধে বেশ কয়েকটি অভিযোগ রয়েছে। সেই অভিযোগের ভিত্তিতে সরকারি সমস্ত নিয়ম মেনে তাঁকে বদলি করা হয়েছে।'

অভিযোগ মানতে চাননি অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘের কোচবিহার জেলা কমিটির সভাপতি তপনকুমার ভৌমিক। তাঁর কথায়, 'গজেনচন্দ্র যেহেতু আমাদের সংগঠনের সদস্য, সে কারণে উদ্দেশ্যপ্রণোদিতভাবে তাঁকে নিয়ম না মেনে বদলি করা হচ্ছে। বিষয়টি নিয়ে আমরা দাবিপত্র জমা দিয়েছি। অবিলম্বে দাবি পূরণ না হলে বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে।'

শুক্রবার এ বিষয়ে গজেনকে জিজ্ঞাসা করলে তিনি জানান, ২০১৭ সালে তিনি শীতলকুচির লালবাজার অঞ্চলে একটি প্রাথমিক স্কুলে যোগ দিয়েছিলেন। ২০১৯ সালে সেখান থেকে তাঁকে বামনহাট সার্কেলের করলা নিউ প্রাইমারি স্কুলে বদলি করা হয়। তার দু'বছরের মধ্যে তিনি বদলি হয়ে যান শুকারুরকুঠির জুনিয়ার বেসিক স্কুলে। তাঁর দাবি, 'কোথাও আমার বিরুদ্ধে কোনও অভিযোগ নেই। তা সত্ত্বেও আমাকে কেন বারবার এভাবে বদলি করা হচ্ছে, বুঝতে পারছি না। আমার ধারণা উদ্দেশ্যপ্রণোদিতভাবে আমাকে হয়রান করা হচ্ছে।

## বিদ্যুৎস্পৃষ্ট

**চ্যাংরাবান্ধা, ১৩ জুন :** চ্যাংরাবান্ধা গ্রাম পঞ্চায়েতের চিতিয়াডাঙ্গা এলাকায় শুক্রবার বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যান এক ব্যক্তি। মৃতের নাম স্বপন রায় (৩০)। স্থানীয় বাসিন্দা কৃষ্ণ মণ্ডল বলেন, 'আমাদের এলাকায় গোবিন্দ রায়ের বাড়িতে কাজ করছিল ডোরাডাবরি কালীবাড়ি এলাকার বাসিন্দা স্বপন। সেই সময় জলের মোটরের তারে হাত থাকা অবস্থায় সুইচ অন করে দেয় স্বপন। সঙ্গে সঙ্গে ছিটকে পড়ে যায় সে।' তড়িঘড়ি স্বপনকে চ্যাংরাবান্ধা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত বলে ঘোষণা করেন। মৃতের এক আত্মীয় দিলীপ রায় জানান, স্বপনের বাড়িতে বৃদ্ধ মা-বাবা, স্ত্রী ও শিশুপুত্র আছে। পরিবারে একমাত্র রোজগেরে ছিল স্বপন। ঘটনায় পুলিশের পক্ষ থেকে একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের করা হয়েছে।

## প্রতিবাদ

**তুফানগঞ্জ, ১৩ জুন :** কলকাতার মহেশতলায় ঝামেলার প্রতিবাদে শুক্রবার একটি সংগঠনের ডাকে শহরের ৪ নম্বর ওয়ার্ডের মদনমোহন মন্দিরের সামনে একটি প্রতিবাদ সভা হয়। এদিনের কর্মসূচিতে উপস্থিত ছিলেন সংগঠনের উত্তরবঙ্গ শাখার সহ সংযোজক মিঠুন সাহা, বিশিষ্ট অতিথি হিরণ্ময় গোস্বামী মহারাজ প্রমুখ।

## ঠান্ডা পানীয়

**কালচিনি, ১৩ জুন :** তীব্র গরমে সকলেই হাঁসফাঁস করছেন। সেজন্য শুক্রবার তৃণমূলের চুয়াপাড়া অঞ্চল কমিটির তরফে চুয়াপাড়া চা বাগানের শ্রমিকদের মধ্যে ঠান্ডা পানীয় এবং জল বিলি করা হল। তৃণমূলের চুয়াপাড়া অঞ্চল সভাপতি সাবির লোহরা, মাইনরিটি সেলের চুয়াপাড়া অঞ্চল সভাপতি জামিল খান প্রমুখ বাগানের প্রায় ৫০০ শ্রমিককে ঠান্ডা পানীয় পান করান।

## নৃশংস

**কামাখ্যাগুড়ি, ১৩ জুন :** পারোকাটা গ্রাম পঞ্চায়েতের মহেশতলা এলাকায় বৃহস্পতিবার একটি গোরুর পা কেটে দেয় দুষ্কৃতীরা। স্থানীয় তরুণদের সহযোগিতায় প্রাণীটির চিকিৎসা শুরু হয়। শুক্রবার সকালে গোরুটির মৃত্যু হয়।

# অপরিকল্পিত নির্মাণের অভিযোগ শিকারপুরে

**বুল নমদাস**

**নয়ারহাট, ১৩ জুন :** শিকারপুর গ্রাম পঞ্চায়েতের কানফাটায় সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্পের ঘর নিয়ে স্থানীয় বাসিন্দাদের বিস্তর ক্ষোভ রয়েছে। অভিযোগ, অপরিকল্পিতভাবে ঘরটি তৈরি করা হয়েছে। শক্তপোক্ত প্রাচীরের বদলে ঘরের চারদিক কাঁটাতার দিয়ে ঘিরে ফেলা হয়েছে। ফলে আবর্জনার গন্ধে আশপাশের লোকজনকে চরম বিপাকে পড়তে হয়। শেষপর্যন্ত স্থানীয়দের বাধায় সেখানে আবর্জনা ফেলা বন্ধ হয়। এদিকে, ঘরটি পড়ে থাকায় প্রকল্পের উদ্দেশ্য যেমন ব্যাহত হচ্ছে, তেমনি সরকারি অর্থ জলে যাওয়ার উপক্রম হয়েছে। যদিও সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত প্রধান দীপিকা বর্মনের বক্তব্য, 'স্থানীয়দের নিয়ে আলোচনার ভিত্তিতে সমস্যা মেটানোর চেষ্টা চলছে।'

স্থানীয় সূত্রে খবর, এলাকা জঞ্জালমুক্ত করার লক্ষ্যে শিকারপুর গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে প্রায় তিন লক্ষ টাকা ব্যয়ে কানফাটায় সরকারি জমিতে বর্জ্য ব্যবস্থাপনার এই ঘরটি তৈরি হয়। কয়েক মাস আগে আনুষ্ঠানিকভাবে সেটির উদ্বোধন করা হয়। উদ্বোধনের কয়েকদিন পর গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন এলাকা থেকে সংগৃহীত কঠিন বর্জ্য এখানে এনে ফেলা হয়। কিন্তু দু'দিন না যেতেই স্থানীয়দের একাংশ বেঁকে বসেন। ওই ঘরে আবর্জনা ফেলতে বাধা দেওয়া হয়। আবর্জনা ভর্তি টোটো আটকে রেখে বিক্ষোভ দেখানো হয়। সেদিন থেকে প্রকল্পের ঘরে বর্জ্য ফেলা বন্ধ রয়েছে। গৃহবধূ সাবিত্রী বর্মনের কথায়, 'উঁচু প্রাচীর না থাকায় আবর্জনা থেকে দুর্গন্ধ আসছিল। তাই বাধা দেওয়া হয়। আবর্জনা ফেলা বন্ধ না হলে এতদিন এখানে থাকতে পারতাম না।' একই বক্তব্য আরেক বাসিন্দা বুদারু বর্মনের। তিনি জানান, কুকুর ওই ঘর থেকে আবর্জনাভর্তি প্যাকেট এনে বাড়ির আনাচকানাচে ফেলত। জনবসতির মধ্যে এধরনের প্রকল্পের ঘর তৈরি করা উচিত হয়নি বলে তিনি মনে করেন।

এছাড়া ঘর তৈরিতে পরিকল্পনার অভাব থাকায় স্থানীয় প্রশাসন ও তৃণমূল নেতৃত্বের ভূমিকা প্রশ্নের মুখে পড়েছে। তৃণমূলের শিকারপুর অঞ্চল সভাপতি নিত্যজিৎ বর্মনের বক্তব্য, 'কারও যাতে অসুবিধা না হয় তা মাথায় রেখে এলাকাবাসীর সঙ্গে আলোচনা করে সমস্যা সমাধানের উদ্যোগ নেওয়া হচ্ছে।'

এদিন তপ্ত দুপুরে বট গাছের ছায়ায় বসে কয়েকজন মহিলা বিশ্রাম নিচ্ছিলেন। তাঁদের একজন মিনতি বর্মন। কাঁটাতার দিয়ে ঘেরা সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্পের পরিত্যক্ত ঘর দেখিয়ে দিয়ে বললেন, 'তিন মাস আগে পরপর দু'দিন বাইরে থেকে আবর্জনা এনে এই ঘরে ফেলা হত। সেসময় আবর্জনার দুর্গন্ধে আমরা অতিষ্ঠ হয়ে উঠেছিলাম। স্থানীয়দের একাংশ বাধা দেওয়ায় এখানে আর আবর্জনা ফেলা হয় না। ভবিষ্যতেও ফেলতে দেওয়া হবে না।'

**সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্প**



*পরিত্যক্ত বর্জ্য ফেলার ঘর। কানফাটায়। -সংবাদচিত্র*

**অভিযোগ**

- কানফাটায় সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্পের ঘর নিয়ে স্থানীয় বাসিন্দাদের বিস্তর ক্ষোভ রয়েছে
- শক্তপোক্ত প্রাচীরের বদলে ঘরের চারদিক কাঁটাতার দিয়ে ঘিরে ফেলা হয়েছে
- ফলে আবর্জনার গন্ধে আশপাশের লোকজনকে চরম বিপাকে পড়তে হয়
- ঘরটি পড়ে থাকায় প্রকল্পের উদ্দেশ্য ব্যাহত হচ্ছে

# গ্রামনামের বিবর্তন চর্চা

সম্প্রতি কোচবিহার এবিএন শীল কলেজের আব্বাসউদ্দিন অডিটোরিয়ামে 'স্থানিক চর্চায় গ্রামনাম' বিষয়ক আলোচনাচক্রের আয়োজন করেছিল কোচবিহারের আর্থসামাজিক পত্রিকাগোষ্ঠী উত্তর প্রসঙ্গ। এই আলোচনাচক্রের উদ্বোধন করে বিশিষ্ট সাহিত্যিক তথা গবেষক ডঃ দিগ্বিজয় দে সরকার বলেন, 'গ্রামনাম ইতিহাসের সাক্ষ্য বহন করে। সময়ের সঙ্গে সঙ্গে গ্রামনামের বিবর্তন ঘটে। তাই গ্রামনামের ইতিহাসকে দুই মলাটে ধরে রাখা জরুরি। উত্তর প্রসঙ্গ এই ইতিহাস সংরক্ষণের লক্ষ্যে যে উদ্যোগ গ্রহণ করেছে তা প্রশংসনীয়। যদিও বিষয়টি বেসরকারিভাবে করা কঠিন। সবাই মিলে যদি এই প্রয়াসকে সার্থক করা যায় তাহলে ভবিষ্যৎ প্রজন্ম এর থেকে উপকৃত হবে'। বিশিষ্ট চা বিশেষজ্ঞ রামঅবতার শর্মার সভাপতিত্বে আয়োজিত এই আলোচনাচক্রে মোট ২৬ জন আলোচক তাঁদের গ্রামনাম ভিত্তিক সংক্ষিপ্ত বক্তব্য পেশ করেন। আলোচনাচক্রের পর অনুষ্ঠিত হয় কবিতা পাঠ ও কবিতা বিষয়ক আলোচনার আসর। এই পর্বে মোট ২১ জন কবি অংশগ্রহণ করেন। দুটি অনুষ্ঠানের মাঝে ধরিত্রী নান্দনিকের সদস্যরা মনোজ্ঞ সংগীত পরিবেশন করেন। আগামীতে উত্তর প্রসঙ্গের পক্ষ থেকে উত্তরবঙ্গের সবক'টি জেলার প্রতিনিধি সমন্বয়ে গ্রামনাম বিষয়ক একটি কর্মশালা আয়োজনের প্রস্তাব এদিন গ্রহণ করার কথা জানান পত্রিকা সম্পাদক দেবব্রত চাকি। অনুষ্ঠানটি যথাযথ সঞ্চালনায় সফল করে তুলতে সাহায্য করেছেন প্রদীপ ঝা।

*–নীলাদ্রি বিশ্বাস*



# 'বিদ্রোহী' স্মরণ

ইসলামপুরের অবুঝ সবুজ শ্রুতিমঞ্জিল সংস্থার যৌথ উদ্যোগে সম্প্রতি কাজী নজরুল ইসলামের জন্মদিবসে ইসলামপুর বাস টার্মিনাস থেকে কবির লেখা সমবেত 'প্রভাতী' কবিতা আবৃত্তি করতে করতে শোভাযাত্রা এগিয়ে যায় ইসলামপুরের নিউটাউনের নজরুলের মূর্তির পাদদেশে। সেখানে 'প্রভাতী'র পাশাপাশি নজরুলের আরও একটি কবিতা 'খাঁদু-দাদু' সমবেত উচ্চারণের সঙ্গে ছিল সমবেত নৃত্যের পরিবেশনা। নৃত্যে অংশ নেয় রূপকথা নন্দী, মালবিকা কীর্তনীয়া ও জয়িত্রী দাস। এরপর একক সংগীতে অংশ নেয় নূপুর বোস এবং কোয়েল সরকার। উপস্থিত ছিলেন ইসলামপুর মহকুমা হাসপাতালের বিশিষ্ট চিকিৎসক ও কবি বিনয়ভূষণ বেরা। স্বরচিত কবিতা পাঠ করেন নীলাঞ্জন ভৌমিক। আলোচনায় অংশ নেওয়ার পাশাপাশি ডাঃ বিনয়ভূষণ বেরা ভায়োলিনে নজরুলগীতির সুর শোনান। নজরুল সম্পর্কে ছোটদের জন্য বিভিন্ন তথ্যসমৃদ্ধ আলোচনা তুলে ধরেন আয়োজক সংস্থার অন্যতম কর্ণধার সুশান্ত নন্দী।

*–নিজস্ব প্রতিবেদন*

# মননে গুরুসদয়

ব্রতচারী আন্দোলনের জনক তথা ব্রতচারী শিক্ষার প্রবর্তক আইসিএস আধিকারিক গুরুসদয় দত্তের (১৮৮২-১৯৪১) মূল লক্ষ্য ছিল মানুষের সার্বিক বিকাশ ও নারীমুক্তি। দেশজ লোকসংস্কৃতি পুনরুদ্ধার চর্চা সংরক্ষণে উৎসর্গ করেছিলেন জীবন। সম্প্রতি চন্দননগর ব্রতচারী ও যোগাসন শিক্ষাকেন্দ্র পালন করল মনীষী গুরুসদয় দত্তের ১৪৪তম জন্মজয়ন্তী। তাঁর প্রতিকৃতিতে মাল্যদান ও গুরুবন্দনার মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। পরিচালনায় ছিলেন সংস্থার দুই কর্ণধার সুবীর আইচ ও বিকাশ কুণ্ডু। উপস্থিত ছিলেন বাংলার ব্রতচারী সমিতির আজীবন সদস্য সাংবাদিক অন্বয় মুখোপাধ্যায়।

*–নিজস্ব প্রতিবেদন*




মন্ত্রমুগ্ধ।। *শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে সুর সঙ্গমের অনুষ্ঠান।*

# অন্তরে রাশিদ

মঞ্চের প্রেক্ষাপটে স্মিত হাসিতে উজ্জ্বল ওস্তাদ রাশিদ খানের মুখের ছবি। তিনি মঞ্চে আছেন, কিন্তু এই মর্ত্যে নেই। তাঁকে শ্রদ্ধাঞ্জলি জানালেন তাঁর প্রিয় শিষ্য শিলিগুড়ির বিশিষ্ট শাস্ত্রীয় সংগীতশিল্পী চিরঞ্জিত ভট্টাচার্য। তিনি স্বাগত সম্ভাষণে আছেন, কিন্তু মঞ্চের নিবেদনে নেই।

প্রয়াত গুরুর প্রতি স্নেহধন্য শিষ্যের সাংগীতিক আত্তীকরণের সে এক আশ্চর্য শ্রদ্ধাঞ্জলি। শিলিগুড়ির শ্রোতারা হৃদয় দিয়ে অনুভব করলেন মঞ্চে না থেকেও কীভাবে সমগ্র অনুষ্ঠানজুড়ে থেকে যান একজন জাত শিল্পী। দীনবন্ধু মঞ্চে শিলিগুড়ির সুর সঙ্গমের এই অনুষ্ঠান ছিল 'রাগাঞ্জলি ২০২৫'। অনুষ্ঠানের সূচনা করেন ওস্তাদ রাশিদ খানের বন্ধু প্রতিম সংগীতশিল্পী আশিস বন্দ্যোপাধ্যায় ও আকাশবাণীর স্বনামখ্যাত বর্ষীয়ান শিল্পী মালবিকা চক্রবর্তী।

অনুষ্ঠানের মূল পর্বে শিক্ষার্থী শিল্পী ঐনেশ এশিন রায় ও কৌশিকী ঘোষের বেহাগ রাগের ঝাঁপতালে বিলম্বিত 'এরি মাই সুরজনবা' অথবা তিনতাল দ্রুত লয়ের খেয়াল 'সাজনবা আয়ো মোরে মন্দিরবা' পরিবেশনে গায়কীর যে মিষ্টত্ব ও তান সরগমের যে প্রয়োগ বৈচিত্র্য ছিল তাতে ঘনঘন হাততালি দিয়ে শিক্ষার্থীশিল্পীদের অভিনন্দিত করেন উপস্থিত রসজ্ঞ শ্রোতারা। এই নিবেদনে বোঝা যায় তালিম কতটা নিবিড় এবং অন্তরঙ্গ হলে শিক্ষার্থীদের মধ্যে এভাবে রাগের রূপ গেঁথে দেওয়া সম্ভব। সবচেয়ে মজার কথা হল, এই মঞ্চেই বহু বিখ্যাত পরিচালকের নাটক দেখতে বা দেশবরেণ্য শিল্পীর গান শুনতে হাতেগোনা দর্শক শ্রোতাকে উপস্থিত থাকতে দেখেছি। কিন্তু সুর সঙ্গমের হিন্দুস্তানি শাস্ত্রীয় সংগীতের এই আসরে প্রেক্ষাগৃহ উপচে পড়া শ্রোতা সমাগম সকলকেই কৌতূহলী করেছে। আসলে প্রচারের ঢক্কানিনাদই সব নয়, শিল্প সাধনায় সিদ্ধি লাভ করলে এবং মানুষের সঙ্গে যোগসূত্র থাকলে গুণগ্রাহীরা সেই শিল্পীর অনুষ্ঠানে ছুটে যান এটাই এদিন প্রমাণিত হল।

এটা আরও বোঝা গিয়েছে অভিভাবকদের অনুষ্ঠানে। শিক্ষার্থী শিল্পীদের অভিভাবকরা এই অনুষ্ঠানে নিবেদন করেন রাগ মিশ্র বিভাসে তুলসী দাসের ভজন 'জাগিয়ে রঘুনাথ কুঁয়র পঞ্ছি বন বোলে।' মঞ্চে শ্রীরাধা বন্দ্যোপাধ্যায়ের সুরে প্রেক্ষাগৃহে তখন ঘুম ভাঙানিয়া সকালের আবেশ। আর সেই আবেশকে মধুর বোলে তবলায় মূর্ত করেন উত্তরবঙ্গের স্বনামখ্যাত ব্যস্ত চিকিৎসক স্মরজিৎ বণিক। সব মিলিয়ে একটি মন ছুঁয়ে যাওয়া নিবেদন।

ওস্তাদ রাশিদ খানের স্মরণীয় নিবেদনগুলির অন্যতম হল রাগ গোরখ কল্যাণ। আর এই রাগে সেতারে এদিন তাঁকে শ্রদ্ধা জানান পণ্ডিত পবিত্র চট্টোপাধ্যায়। শিল্পীকে তবলায় সহযোগিতা করেন স্বনামধন্য তবলিয়া সুবীর অধিকারী। দুই জাত শিল্পী বুঝিয়ে দিলেন মন প্রাণ দিয়ে নিখাদ শিল্প সৃষ্টি করতে পারলে সেখানেই স্বর্গ তৈরি রচিত হয়। শিল্পী পবিত্র চট্টোপাধ্যায়কে এদিন সুর সঙ্গমের তরফে 'ওস্তাদ রাশিদ খান স্মারক' সম্মানে সম্মানিত করা হয়। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সোমা দাস। শিক্ষার্থী শিল্পীদের সঙ্গে তবলায় সহযোগিতা করেন শান্তি বিকাশ সরকার।

এদিন শিক্ষার্থী শিল্পীদের মধ্যে উল্লেখযোগ্য নিবেদনে ছিলেন বিধান শীল ও সৌরভী সরকার (বাগেশ্রী), শুভদীপ সূত্রধর ও আস্তিক মণ্ডল (মেঘ)। আর শিশুশিল্পীদের মধ্যে উল্লেখযোগ্য ছোট খেয়াল পরিবেশনে ছিল দিব্যজ্যোতি, দিতি, ঋষিকা, অদিত্রী, হর্ষি, চন্দ্রিমা, শ্রেয়সী, দিশা, পূর্বাশা, লক্ষ্মী, সৌমাল্য, শ্রীতমা, আয়ুষি, অভিরাজ, সুহানা, অপ্রতিম, ময়ূখ, কোয়েল, অক্ষত ও অক্ষরা। সব মিলিয়ে শিলিগুড়ি সুর সঙ্গমের এই অনুষ্ঠান ছিল সুরের সাগর পাড়ি দেওয়ার অভিযান।

*– ছন্দা দে মাহাতো*

# ছন্দোবদ্ধ আনন্দসন্ধ্যা

শরীরী বিভঙ্গে ফুটে উঠছে বসন্ত রাগের প্রাণচঞ্চলতা। আর স্বরের ওঠানামার সঙ্গে বিশুদ্ধ নৃত্যকলার মুদ্রা মিলেমিশে তৈরি হয়েছে এক আনন্দময় জগৎ। শব্দ বিলীন হচ্ছে ব্রহ্মে, আর আকার নিরাকারে মিশে সৃষ্টি হচ্ছে প্রকৃতি। ওডিশি নৃত্য আঙ্গিকের বসন্ত পল্লবীতে এভাবেই এক অনন্য সৃজন উপহার দিলেন বিশিষ্ট নৃত্যশিল্পী গুরু রাজীব ভট্টাচার্য। ক'দিন আগে শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে ডান্সেস অফ ইন্ডিয়া শীর্ষক এই অনুষ্ঠান ছিল শিলিগুড়ির নৃত্য মল্লারের। নৃত্য মল্লারের কর্ণধার বিশিষ্ট নৃত্যশিল্পী পুলোমা ভট্টাচার্যের নেতৃত্বে এদিনের অনুষ্ঠানের সূচনা হয় উত্তরবঙ্গের তিন প্রজন্মের বিশিষ্ট নৃত্যগুরু রুনু ভট্টাচার্যের হাত ধরে। সূচনাপর্বে মঞ্চে উপস্থিত ছিলেন শিল্পী শ্রাবণী চক্রবর্তী, অধ্যাপক বিদ্যাবতী আগরওয়াল, সুব্রতা ভট্টাচার্য, স্বামী অতিশানন্দ মহারাজ, অয়ন ভট্টাচার্য ও সুজাতা ভট্টাচার্য।

এদিনের অনুষ্ঠানে শিক্ষার্থী শিল্পীদের ওডিশি ও কত্থকনৃত্যের বিভিন্ন পর্বের সঙ্গে রবীন্দ্র ও নজরুল নৃত্যও ছিল।




*শিলিগুড়ির দীনবন্ধু মঞ্চে নৃত্য মল্লারের অনুষ্ঠান।*

শিক্ষার্থীদের বেশ কয়েকটি নিবেদনে অন্তরঙ্গ অনুশীলনের ছাপ ছিল। গুরু প্রণতিতে শ্রদ্ধা জানানো হয় গুরু পৌষালি মুখোপাধ্যায় ও পণ্ডিত বিরজু মহারাজকে। নৃত্য নিবেদনে অতিথি শিল্পীদের মধ্যে গুরু রাজীব ভট্টাচার্য ছাড়াও ছিলেন গুরু মণিকা দাশগুপ্ত, ডঃ রুমা নাথ মেটা, ডঃ পম্পি পাল, রাহুল রায়, রিনিক্তা মেটা। আর মরমি কণ্ঠের সংগীতে সকলের মন ছুঁয়েছেন কলকাতার শিল্পী কৌসুমি অধিকারী। এদিন নৃত্য মল্লারের তরফে বেশ কয়েকজন শিল্পীকে সংবর্ধনাও জানানো হয়। পুলোমা জানালেন, তাঁদের সংস্থার ২৬ বছরের পথ চলায় বাবা নৃত্যগুরু রুনু ভট্টাচার্য ছাড়াও অনেকেই নানাভাবে প্রেরণা জুগিয়েছেন। তাঁর বিশ্বাস, সেই প্রেরণায় এই শাস্ত্রীয় নৃত্য একদিন মেয়েদের আত্মপ্রতিষ্ঠার ক্ষেত্র হয়ে উঠবে। মঞ্চে এদিনের সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অমিতাভ ঘোষ।

*-- ছন্দা দে মাহাতো*

# রবীন্দ্র–নজরুল স্মরণ

নকশালবাড়ি 'আলোর দিশারি' সাংস্কৃতিক ও সমাজসেবী সংগঠন কিছুদিন আগে নকশালবাড়ি খালপাড়া 'ভারত সেবাশ্রম সংঘ'-এর অনুষ্ঠান 'রবীন্দ্র-নজরুল সন্ধ্যা' উদযাপন করে। এলাকার প্রবীণ ও বিশেষ নাগরিকদের হাতে অনুষ্ঠানের সূচনা হয়। উদ্বোধনী সংগীতে অংশ নেন অরিক্তা নন্দী, বিদিশা পাল, মৌলিনা কুণ্ডু, শুভাঙ্গী দাস, অহনা দত্ত, সৃজা কুণ্ডু, তবলা সংগতে ছিলেন সর্বেশ্বর বিশ্বাস। অনুষ্ঠানে এলাকার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক (সকল বোর্ড) পরীক্ষার্থীদের শুভেচ্ছাবার্তা জ্ঞাপন ও সংবর্ধনা প্রদান করা হয়। পরিবেশিত হয় রবীন্দ্রনাথ ঠাকুর ও কাজী নজরুল ইসলামের বিখ্যাত সব কবিতাকে কেন্দ্র করে আবৃত্তি। এই পর্বের বাচিকশিল্পীরা ছিলেন দেবার্ঘ্য মজুমদার, নিলয় রায়, সানা পাল, শুভাঙ্গী দাস, অভিদীপ দত্ত, সৌনক দাস, নিহিত পাল, নিরূপম পাল প্রমুখ। একক সংগীত পরিবেশনায় ছিলেন ইরানি চক্রবর্তী, রিয়া চক্রবর্তী, অহনা দত্ত, অরিক্তা নন্দী প্রমুখ। নৃত্যে ছিল প্রারম্ভ নৃত্যগোষ্ঠী, লাভলি নৃত্যাঙ্গন দল প্রমুখ। একক নৃত্যে অংশগ্রহণ করেন তিয়াসা সরকার, সৃষ্টি পাল, সৃজা কুণ্ডু, ঋত্বিকা ঘোষ প্রমুখ। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল কবিগুরুর বিখ্যাত নাটক 'পেটে ও পিঠে'–এর বিশেষ কিছু অংশের উপস্থাপনা।

অন্যদিকে, বাগডোগরা জেমস স্পোর্টিং ইউনিয়নের তরফে ক্লাব ভবনে রবীন্দ্র - নজরুল সন্ধ্যার আয়োজন করা হয়েছিল। উদ্বোধনী সংগীত পেশ করেন শর্মিষ্ঠা মিত্র এবং সঞ্চিতা বড়ুয়া। তবলায় ছিলেন সুধীর চক্রবর্তী। নৃত্য পরিবেশনায় ছিলেন নীনামমা রাই, হর্ষিকা সিনহা, কোয়েল জোয়ারদার, অন্বেষা দালাল, দেবস্মিতা দেবশর্মা, শাহিনা পারভিন, আভ্যা গুপ্তা, আরুষি ঘোষ, প্রত্যুষা ভট্টাচার্য, ধীময়ী সরকার, রিধিমা বিশ্বাস প্রমুখ। নাচে শামিল হন শৈলিশ্রী নৃত্যাঙ্গনের শিল্পীরাও। নজরুলগীতি গেয়ে শোনান বিদিপ্ত মিত্র, অনন্যা চৌধুরী, সমীর ঘোষাল। রবীন্দ্রসংগীত পরিবেশনায় ছিলেন অরুণ মজুমদার, পার্থ ধর, মুনমুন দেব, চন্দন দেব রায়। হিন্দিতে রবীন্দ্রসংগীত শোনান সুজিত সিং।

'স্বর ও শ্রুতি'-র শিক্ষার্থীরা আবৃত্তি পরিবেশ করেন।

নৃত্যগীতি আলেখ্য রবীন্দ্রনাথের 'নারী'–তে নৃত্যে অংশ নেন দেবস্মিতা ঘোষ, আরুষি ঘোষ, প্রত্যুষা ভট্টাচার্য।

গানে ছিলেন শর্মিষ্ঠা মিত্র, অন্বেষা বিশ্বাস, স্মৃতি পাল, সঞ্চিতা বড়ুয়া। ভাষ্যপাঠে বন্দনা সাহা ও পৃথা মুন্সি। লেখা ও পরিকল্পনায় ছিলেন অসীম ঘোষ।

সঞ্চালনায় ছিলেন স্বপন উপাধ্যায় ও পৃথা মুন্সি।

বাতাবাড়ি তরুণ সংঘের পরিচালনায় ও ব্যবস্থাপনায় রবীন্দ্র-নজরুল সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠানকে কেন্দ্র করে দারুণ সাড়া পড়েছিল। মেটেলি নিবেদিতা সংগীতালয়ের পড়ুয়ারা রবীন্দ্রসংগীত ও নজরুলগীতি পরিবেশন করে। বাতাবাড়ি কথামালা বিদ্যানিকেতন, দীপশিখা নার্সারি মডেল স্কুল ও শিশুতীর্থ নার্সারি স্কুলের খুদে খুদে পড়ুয়াদের রবীন্দ্র-নজরুল নৃত্য দর্শকদের মন জয় করে নেয়। অনুষ্ঠান শেষে বিভিন্ন বিভাগের আবৃত্তি প্রতিযোগিতার প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারীদের পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন শিক্ষক তথা ক্লাব কর্মকর্তা কনক বর্মন।

এদিকে, শিলিগুড়ির সুমিতা ক্যানসার সোসাইটির কার্যালয়ে রবীন্দ্র–নজরুল সন্ধ্যা পালিত হয় কবিতা ও গানে অংশগ্রহণ করেন চিকিৎসক দেবাংশু দাস, লিপি ঘোষ রায়, অনিল সাহা, সজলকুমার গুহ প্রমুখ।



*নকশালবাড়িতে রবীন্দ্র–নজরুল সন্ধ্যা উদযাপন।*

*–শুভজিৎ বোস, খোকন সাহা, রহিদুল ইসলাম ও সম্পা পাল*

# চেতনায় আঘাত হানার উৎসব


কিছুদিন আগে কোচবিহার রবীন্দ্র ভবনে বসেছিল 'কোচবিহার ব্রাত্যসেনা নাট্য সমারোহ'। মূলত বর্তমান সময়ের সমাজের ক্লেদ, ময়লাকে চোখে আঙুল দিয়ে দেখিয়ে যাওয়ার কাজ যেন করে গেল এই নাট্য উৎসব।

আরজি করের স্মৃতি উসকে অত্যাচারিত চিকিৎসকের প্রতিকৃতির সামনে মোমবাতি জ্বালিয়ে এবং ব্রাত্যসেনা নাট্যদলের নিজস্ব থিম সং গেয়ে এ উৎসবের সূচনা হয়। প্রথম প্রযোজনা হিসেবে মঞ্চস্থ হয় আয়োজক দল উপস্থাপিত, তমোজিৎ রায় রচিত ও নির্দেশিত ওই ঘটনার বিরুদ্ধে শানিত নাটক 'ফিনিক্স'। মীরজাফর চরিত্রের আলো-অন্ধকার দিকের খোঁজ চলে কোচবিহার বৈঠকির 'নমকহারাম' নাটকে। নির্দেশক শুভব্রত সেনগুপ্ত। এরপর মঞ্চস্থ হয় মাখলা শিল্পকের নাটক 'গঙ্গাপুত্রী'। তিমিরবরণ রায়ের নির্দেশনায় অত্যন্ত মনোগ্রাহী অভিনয় উপভোগ করা গেল। উৎসবের দ্বিতীয় দিনে আয়োজক দল প্রযোজিত নাটক 'আমি কিছুতেই উল্লুক হবো না' নাট্যকার ও নির্দেশক তমোজিৎ রায়ের আরেকটি চেতনায় আঘাত হানবার নাটক। এইদিনের দ্বিতীয় নাটক 'স্বর্গে জীবন্ত মানুষ'– কলকাতা কথাবার্তা বর্তমান কেন্দ্র এবং রাজ্য প্রশাসনের কঠোর সমালোচনা করেছে দৃপ্ত ভঙ্গিতে। তমোজিৎ রায় রচিত নাটকটির নির্দেশনা এবং অভিনয়ে ছিলেন সীমা মুখোপাধ্যায়। উৎসবের শেষ দিন শ্যামবাজার নাট্যচর্চাকেন্দ্র উপহার দেয় নাটক 'মহাত্মা'। নাটকটির নির্দেশক সমরেশ মজুমদার। সব শেষে জলপাইগুড়ি কলাকুশলী প্রযোজিত 'ফারেনহাইট ৪৫১' নাটকের মাধ্যমে উৎসবের যবনিকা পড়ে। নাটকটির নাট্যকার ও নির্দেশক তমোজিৎ রায়।




*কোচবিহার ব্রাত্যসেনা নাট্য সমারোহে মঞ্চস্থ নাটক 'ফিনিক্স'–এর একটি মুহূর্ত।*

*–নীলাদ্রি বিশ্বাস*





# বইটই





## ছাত্রদলের গল্প

নানা সময়ে ছাত্র আন্দোলন দেশ-কাল-সমাজের ভবিষ্যৎ গড়েছে। সেই বিষয়টিকেই এবারে **ছাত্র আন্দোলন সেকাল-একাল**-এর মাধ্যমে পাঠকদের সামনে পেশ করেছেন বিপ্লব রায়। বিপ্লব জেলা জজ পদমর্যাদার অফিসার। দক্ষিণ দিনাজপুরের এই মানুষটি আইনের স্নাতক। বহুদিন ধরেই লেখালেখি করছেন। কলমের ধার যথেষ্টই। এই বইটিও তার সাক্ষী। নৌবিদ্রোহ ও আজাদ হিন্দের সমর্থনে বুকে বুলেট নেওয়া পড়ুয়াদের কথা হয়তো অনেকেরই জানা নেই। সেই পর্ব কতটা গায়ে কাঁটা দেওয়ার এই বই পড়লে জানা যাবে। রয়েছে সাম্প্রতিককালের কথাও। অসংখ্য ছবি সমেত। চিরজীবন সংগ্রহে রাখার বই।

## এবারে খেন




কোচবিহারের গিরীন্দ্রনাথ বর্মন শিক্ষকতা করতেন। অগুনতি পড়ুয়াকে সঠিক আলোর দিশা দেখিয়েছেন। কলম হাতে নিয়েও একইভাবে পাঠকদেরও সেই দিশা দেখানোর চেষ্টা চালাচ্ছেন। তাঁর সম্পাদনায় প্রকাশিত **খেন সমাজ** সেই চেষ্টারই সাক্ষী। গিরীন্দ্রনাথের লেখা বহু বই এর আগে পাঠকমহলে বেশ সাড়া ফেলেছে। তিনি ইতিহাসধর্মী বিষয়েই বেশি সাবলীল। এই বইটি পড়লে তা স্পষ্ট। খেনদের বিষয়ে এই বইয়ে বিস্তারিত তথ্য রয়েছে। কামতাপুরে খেন বংশের শাসন থেকে শুরু করে কামতেশ্বর, এই বই অনেক কিছু জানায়। উপরি পাওনা হিসেবে রয়েছে বেশ কিছু রঙিন ফোটোগ্রাফ।





## অবশেষে হাতে

বেণু সরকার সম্পাদিত আলিপুরদুয়ার থেকে প্রকাশিত **বিনিদ্র সাহিত্য পত্রিকা**র **৫০তম বর্ষ সংখ্যা** হাতে এসে গিয়েছে। আসলে ৫০ পূর্তি অনেকটাই আগে হয়েছিল। কিন্তু নানা প্রতিকূলতায় বিশেষ সংখ্যাটি প্রকাশিত হয়নি। সেই সব সামলে অবশেষে ইচ্ছেপূরণ। এই পত্রিকার পথ চলা নিজেই ইতিহাস। তা নিয়ে সম্পাদক, অর্ণব সেন, গৌতম হাজরার মতো আরও অনেকের লেখাগুলি খুবই তথ্যবহুল। সুবর্ণ রায়ের গুচ্ছ কবিতা 'তুমি পড়েছো, বেণুদা' বেশ ভালো। কীভাবে এই পত্রিকা তাঁদের জীবনের সঙ্গে টানটান জড়িয়ে তা এই সংখ্যার লেখকদের কলমে ভীষণভাবে স্পষ্ট।

## চেনা শহর




ঠিক কীভাবে শহর শিলিগুড়ি পুরসভা থেকে পুরনিগমে উন্নীত হল তা খুব সুন্দরভাবে পাঠকদের সামনে তুলে ধরেছেন ডঃ মধুমিতা মণ্ডল (বেরা)। তাঁর লেখা **ট্রান্সফর্মেশন অফ শিলিগুড়ি ফ্রম মিউনিসিপ্যালিটি টু কর্পোরেশন** বইয়ের মাধ্যমে। ইংরেজিতে লেখা বইটি সহজসরল ভাষায় এই শহরকে পাঠকদের সামনে পেশ করে। গোটা শহরের বিন্যাস, পুরসভা ও পুরনিগমের চেয়ারম্যান-মেয়রদের ছবি, এই শহর থেকে প্রকাশিত নানা পত্রিকার নামের টুকরো ছবি, এই বই শহরকে অনেক ভালোভাবে জানার। রয়েছে বাংলায় লেখা কিছু তথ্যও। পাঠকের কাছে উপরিপাওনা বেশ কিছু দুষ্প্রাপ্য ফোটোগ্রাফ।



## নববর্ষের উপহার

প্রকাশিত হয়েছে **গল্প ইদানীং** পত্রিকার **নববর্ষ ১৪৩২** সংখ্যা। বরাবরের মতোই গল্প, প্রবন্ধে ভরপুর। বিদ্যুৎ পালের 'পাঁচটি রম্যগল্প', সুচিত চক্রবর্তীর লেখা 'স্বর্গে প্রথম বাংলা ছবি' পড়লে এই ভ্যাপসা গরমের মধ্যেও প্রাণে স্বস্তি আসতে বাধ্য। রাজবংশী ভাষায় লেখা শচীমোহন বর্মন ও শৈলেন দাসের লেখা গল্পগুলি বেশ। নানা আঙ্গিকে লেখা বিভিন্ন গল্পকে পাঠকদরবারে ভিন্ন আঙ্গিকে পেশ করতে সুনীল সাহা সম্পাদিত ত্রৈমাসিক এই পত্রিকা নিয়মিতভাবে কাজ করে চলেছে। সম্পাদকের লেখা ভ্রমণ গল্পটিও পড়তে বেশ। খুব সুন্দর প্রচ্ছদটি এঁকেছেন আলিপুরদুয়ারের শিল্পী মঞ্জুলা পাল।

*যাঁরা বইটই বিভাগে নিজেদের প্রকাশিত বই/পত্রিকার খবর দিতে চান, তাঁরা বই/পত্রিকা পাঠান*
*এই ঠিকানায় : উত্তরবঙ্গ সংবাদ, সুহাসচন্দ্র তালুকদার সরণি, বাগরাকোট, সুভাষপল্লি, শিলিগুড়ি - ৭৩৪০০১।*

## জরুরি তথ্য

### ব্লাড ব্যাংক

(শুক্রবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

**এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ৩ |
| এ নেগেটিভ | ১ |
| বি পজিটিভ | ০ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ২ |
| এবি নেগেটিভ | ০ |
| ও পজিটিভ | ০ |
| ও নেগেটিভ | ১ |

**মাথাভাঙ্গা মহকুমা হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ১০ |
| এ নেগেটিভ | ১ |
| বি পজিটিভ | ১৯ |
| বি নেগেটিভ | ১ |
| এবি পজিটিভ | ৭ |
| এবি নেগেটিভ | ১ |
| ও পজিটিভ | ৩০ |
| ও নেগেটিভ | ২ |

**দিনহাটা মহকুমা হাসপাতাল**

| | |
|---|---|
| এ পজিটিভ | ৩০ |
| এ নেগেটিভ | ২ |
| বি পজিটিভ | ৫ |
| বি নেগেটিভ | ০ |
| এবি পজিটিভ | ১৮ |
| এবি নেগেটিভ | ১ |
| ও পজিটিভ | ৫ |
| ও নেগেটিভ | ২ |

# দুই মাস ধরে নির্জলা

## ক্ষোভ গুঞ্জবাড়ি পোস্ট অফিস সংলগ্ন এলাকায়

দেবদর্শন চন্দ

**কোচবিহার, ১৩ জুন :** উত্তরে গরম বাড়ছে। এই অবস্থায় শহরতলির খাগড়াবাড়ি গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত গুঞ্জবাড়ি পোস্ট অফিস সংলগ্ন এলাকার বাসিন্দারা জলসংকটে ভুগছেন। অভিযোগ, এলাকায় প্রায় দু'মাসের বেশি সময় ধরে জল নেই। জলের সমস্যার কথা প্রশাসনকে একাধিকবার জানিয়েও কোনও সুরাহা হয়নি বলে অভিযোগ স্থানীয় বাসিন্দাদের। এই ঘটনায় রীতিমতো ক্ষুব্ধ এলাকার প্রায় শতাধিক পরিবার। এখন কতদিনে পানীয় জলের সুরাহা হবে, সেই প্রশ্নই উঠছে।

যদিও খাগড়াবাড়ি গ্রাম পঞ্চায়েতের প্রধান শম্পা ধর বিষয়টি সরাসরি স্বীকার করেননি। শম্পার বক্তব্য, 'সমস্যাটি হয়তো বেশিদিনের নয়। বিষয়টি নিয়ে এখন পর্যন্ত কেউই আমাকে জানায়নি। তবে খুব শীঘ্রই আমি লোক পাঠিয়ে বিষয়টি দেখছি।'

গরম পড়তেই শহরতলির গুঞ্জবাড়ি পোস্ট অফিস সংলগ্ন এলাকায় জলসংকট চরম আকার ধারণ করেছে। এলাকায় এতগুলি মানুষের বসতি থাকা সত্ত্বেও বিষয়টি নিয়ে কর্তৃপক্ষের কোনও হেলদোল নেই বলে স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন। বাসিন্দাদের একাংশের অভিযোগ, এলাকাজুড়ে দুটি কল থাকলেও একটিতেও পানীয় জল মিলছে না। এলাকার বাসিন্দা তথা আইটিআইয়ের অধ্যাপক তাপস ভুঁইয়া ক্ষোভ উগড়ে দিয়েই বললেন, 'এলাকায় জলের সমস্যা নিত্যদিনের। আমাদের প্রতিদিনই পুরসভা এলাকায় গিয়ে জল নিয়ে আসতে হয়। বিষয়টি নিয়ে স্থানীয় পঞ্চায়েতকে একাধিকবার জানানো হয়েছে। কিন্তু প্রশাসন শীতঘুমে রয়েছে।'



কল আছে জল নেই গুঞ্জবাড়ি পোস্ট সংলগ্ন এলাকায়। ছবি: জয়দেব দাস

ওই এলাকায় পরিস্রুত জল সরবরাহের দায়িত্ব পিএইচই'র। দপ্তরের এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার সুব্রত ধর বলেন, 'গ্রাম পঞ্চায়েতের তরফে আমাদের এবিষয়ে জানানো হয়নি। বিষয়টি দেখে শীঘ্র পদক্ষেপ করা হবে।'

শুক্রবার সকাল। ঘড়িতে তখন সাড়ে ৭টা পেরিয়েছে। এলাকায় গিয়ে দেখা গেল, এক ষাটোর্ধ্ব জলের ড্রাম হাতে নিয়ে হেঁটে চলেছেন। তাঁকে জিজ্ঞেস করতেই জানা গেল, দীর্ঘদিন ধরে এলাকার টিউবওয়েলগুলি থেকে জল আসছে না। অগত্যা পুরসভা এলাকার কলে গিয়ে লাইন দিতে হচ্ছে তাঁদের। তবে শুধু তিনিই নন। পুরসভা এলাকায় কলের পাশাপাশি কেনা জলে ভরসা রাখতে হচ্ছে অনেককেই। ক্ষোভের সুরেই ওই বাসিন্দা বলেন, 'এতটা পথ হেঁটে জল আনতে প্রতিদিনই যেতে হয়। বাড়ির সামনে দুটি কল থাকলেও দুটিই বিকল। এই অবস্থায় খুবই সমস্যায় পড়তে হচ্ছে।'

গুঞ্জবাড়ি পোস্ট অফিসের গলি দিয়ে কিছুটা এগিয়ে যেতেই দেখা গেল, টিউবওয়েল চত্বর ভরে রয়েছে আগাছা এবং আবর্জনায়। রক্ষণাবেক্ষণের অভাবে এলাকার এই পরিস্থিতি হয়েছে বলে অভিযোগ স্থানীয়দের একাংশের। কিছুটা দূরে আরেকটি কল থাকলেও সেটি থেকেও জল আসছে না বলে স্থানীয়রা জানালেন। জলের সমস্যার বিষয়ে এলাকার শিক্ষক সুকান্ত সাহার কথায়, 'গরমে এমনিতেই সকলে নাজেহাল। তার ওপর দীর্ঘদিন ধরে এলাকায় জল নেই। বাধ্য হয়ে অনেকে জল কিনে খেলেও এলাকার কিছু মানুষদের পক্ষে সেটাও সম্ভব হচ্ছে না। অগত্যা গরমের মধ্যেও তাঁদের বাইরে থেকে জল টেনে নিয়ে আসতে হচ্ছে। তাঁদের কথা মাথায় রেখে বিষয়টি নিয়ে শীঘ্র পদক্ষেপ করার দাবি জানাচ্ছি।'

**নাকাল বাসিন্দারা**

- এলাকাজুড়ে দুটি কল থাকলেও একটিতেও পানীয় জল মিলছে না
- জল সমস্যার কথা প্রশাসনকে একাধিকবার জানিয়েও কোনও সুরাহা হয়নি
- প্রতিদিনই পুরসভা এলাকায় গিয়ে জল নিয়ে আসতে হয় বলে বাসিন্দাদের অভিযোগ
- টিউবওয়েল চত্বর ভরে রয়েছে আগাছা এবং আবর্জনায়, রক্ষণাবেক্ষণের অভাবে এলাকার এই পরিস্থিতি



ঘাসে ভরে গিয়েছে স্টেশন গার্ডেন। ছবি : অপর্ণা গুহ রায়

# বেহাল দশায় স্টেশন গার্ডেন

তন্দ্রা চক্রবর্তী দাস

**কোচবিহার, ১৩ জুন :** কোচবিহার স্টেশনের কাছে রেলওয়ে পোস্ট অফিসের উলটোদিকে স্টেশন গার্ডেন নামের পার্কটি বেহাল দশায় পড়ে রয়েছে। নামেই পার্ক, এক ঝলক দেখলে ঘাসের ঝোপ ছাড়া আর কিছুই মনে হয় না। অভিযোগ, প্রায় লোকচক্ষুর অন্তরালে থাকা পার্কটি সারাবছর এই অবস্থাতেই থাকে। শহরে খেলাধুলো করার মাঠের অভাব রয়েছে। পাশাপাশি পার্কের সংখ্যাও বেশি নয়। তাই স্থানীয় বাসিন্দাদের মধ্যে শীঘ্রই এই পার্কটি ঠিক করার দাবি উঠছে।

উদ্যান ও কানন দপ্তরের নর্থ ডিভিশন এই পার্কটির দেখভালের দায়িত্বে রয়েছে। যদিও পার্কটির চারিদিকে অযত্নের ছাপ স্পষ্ট চোখে পড়ে। এখানে বসার জন্য এক-দুটো বেঞ্চ থাকলেও বড় বড় ঘাসের ঝোপ পেরিয়ে সেখানে গিয়ে বসার কোনও উপায় নেই। মাঠের ভেতরে ঢুকলেই পা বড় বড় ঘাসে ঢেকে যায়। বাচ্চাদের জন্য ছোট ছোট খেলনা স্লিপার, দোলনা, ছাউনি দেওয়া বসার ঘর রয়েছে। কিন্তু কোনওকিছুই ব্যবহার করার উপযুক্ত নেই। কারণ পুরো পার্কটি ঢেকে আছে ঘাসের আড়ালে। কোথাও কোথাও তো রীতিমতো জঙ্গল।

পার্কের ভেতরে অবস্থা যে খুবই খারাপ কথাটা একপ্রকার স্বীকার করলেন এনএন পার্কের রেঞ্জ অফিসার অভিজিৎ নাগ। তাঁর বক্তব্য, 'ওখানে সবসময়ের জন্য আমাদের দুজন কর্মী রয়েছেন। তা সত্ত্বেও পার্কের এই অবস্থা হওয়া উচিত নয়। আমরা সম্প্রতি পার্কে কাজ শুরু করিয়েছি।' নতুন করে পার্কটিকে সাজিয়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানালেন তিনি। তাঁর সংযোজন, 'ঘাস কাটার জন্য মেশিন লাগানো হয়েছিল। কিন্তু পার্কে জল জমে যাওয়ায় আপাতত মেশিন ব্যবহার করা যাচ্ছে না। গেটটি রং করা হবে।' বাচ্চাদের খেলনাগুলো মেরামতি ও রংয়ের কাজ শুরু হয়েছে বলে তিনি জানিয়েছেন। তাঁর আশা, ধীরে ধীরে পার্কের অবস্থা ভালো হবে। এরজন্য আরও কিছু নতুন খেলনা যাতে পার্কে লাগানো যায় তার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে আবেদন করা হয়েছে বলেও তিনি জানিয়েছেন।

ওই এলাকারই অরবিন্দ লেনের বাসিন্দা শিক্ষক তন্ময় নন্দীর অভিযোগ, 'বেশিরভাগ সময় পার্কটি বন্ধই থাকে। আর যদিও বা খোলা থাকে, এত ঘাসে ঢেকে থাকে যে বাচ্চাকে নিয়ে কোনও সময় সেখানে যাওয়া যায় না।' স্থানীয় বাসিন্দাদের দাবি, অন্য পার্কগুলোর মতো যদি এই পার্কটি পরিষ্কার থাকত, তাহলে বিকেলের খানিকটা সময় ওখানে অনেক মা-বাবা বাচ্চাদেরকে নিয়ে গিয়ে খেলাধুলো করাতে পারতেন।

**বাড়ছে উদ্বেগ**

- নামেই পার্ক, এক ঝলক দেখলে ঘাসের ঝোপ ছাড়া আর কিছুই মনে হয় না
- বসার জন্য এক-দুটো বেঞ্চ থাকলেও সেখানে বসার কোনও উপায় নেই
- ঘাস কাটার জন্য মেশিন থাকলেও পার্কে জল জমে যাওয়ায় আপাতত মেশিন ব্যবহার করা যাচ্ছে না

# পুরসভার গাড়ি থেকেই রাস্তায় পড়ছে আবর্জনা

**কোচবিহার, ১৩ জুন :** নিয়ম না মেনে যেখানে-সেখানে আবর্জনা ফেললে জরিমানার বিধি চালু রয়েছে। এদিকে, পুরসভার আবর্জনা সংগ্রহের গাড়ি থেকেই আবর্জনা পড়ছে শহরের রাস্তায়। অভিযোগ, গাড়িগুলি ঠিকমতো ঢেকে না নেওয়ায়, চলাচলের সময় সেখান থেকে আবর্জনা পড়ছে। এই পরিস্থিতিতে পুরসভার ওপর ক্ষোভ প্রকাশ করতে ছাড়ছেন না পথচারীরাও। যদিও বিষয়টি নিয়ে পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ বলেন, 'নতুন পুর বোর্ড আসার পর আমরা বেশ কিছু নতুন কভারওয়ালা গাড়ি কিনেছি। তবে এখনও কয়েকটি পুরোনো গাড়ি রয়েছে। আরও ৫টি নতুন গাড়ি আমরা টেন্ডার করতে যাচ্ছি। ধীরে ধীরে পুরোনো গাড়িগুলি পরিবর্তন করা হবে।'

বিষয়টিকে নিয়ে পুর কর্তৃপক্ষের আরও সজাগ হওয়ার প্রয়োজন রয়েছে বলে মনে করছেন স্থানীয় বাসিন্দা থেকে শুরু করে ব্যবসায়ীরাও। তাঁদের একাংশের অভিযোগ, শহরের বিভিন্ন ওয়ার্ড থেকে আবর্জনা সংগ্রহের পর পুরসভার ট্রাকগুলি ঢাকা হচ্ছে না। গাড়িগুলি দ্রুতগতিতে চলাচল করায় ব্যস্ততম রাস্তায় পড়ছে আবর্জনা। কখনো-কখনো পথচারীদের গায়ে এসেও পড়ছে সেই আবর্জনা। এই পরিস্থিতিতে একদিকে যেমন দৃশ্য দূষণ হচ্ছে, অপরদিকে রোগব্যাধি ছড়াবার আশঙ্কাও করছেন সকলে। পথচারী মিঠুন সাহা বলেন, 'পুরসভার গাড়িগুলি আবর্জনা সংগ্রহের পর ঢাকাহীন অবস্থায় দ্রুতগতিতে শহরের রাস্তা দিয়ে বেরিয়ে যায়। এতে ঝাঁকুনিতে গাড়িগুলি থেকে আবর্জনা পড়ে রাস্তা নোংরা হচ্ছে। বিষয়টি নিয়ে ওদেরও দেখা উচিত।'

বৃহস্পতিবার সকাল ১০.৩০টা নাগাদ সিলভার জুবিলি রোডের সামনে দিয়ে যেতে দেখা গেল ক্যান্টার ভর্তি করে আবর্জনা নিয়ে যাওয়া হচ্ছে শহরের রাস্তা দিয়ে। ভর্তি থাকা ক্যান্টার থেকে তখন জুতো, প্লাস্টিক সহ আবর্জনা পড়ছিল রাস্তায়। বিষয়টি নিয়ে ক্ষোভ উগরে দিয়েই এক ব্যক্তি বললেন, 'পুরসভাই বিষয়টি নিয়ে সচেতন নয়। এবিষয়ে তাদের আরও সজাগ থাকা প্রয়োজন।' পুরসভার বিভিন্ন ওয়ার্ড থেকে আবর্জনা সংগ্রহের গাড়ি এবং বাজার এলাকা দিয়ে একটি ট্রাকও এদিন ঢাকাহীন অবস্থায় যাতায়াত করতে দেখা গিয়েছে।

## স্কুল বন্ধ রাখার অভিযোগ

**তুফানগঞ্জ, ১৩ জুন :** তুফানগঞ্জ পুরসভা ১ নম্বর ওয়ার্ড প্রাথমিক বিদ্যালয় পুরোপুরি বন্ধ রাখার অভিযোগ উঠেছে। শুক্রবার ওই স্কুলের সহকারী শিক্ষক আনন্দ দাস মহকুমা শাসকের দপ্তর এবং তুফানগঞ্জ-২ নম্বর চক্র অবর বিদ্যালয় পরিদর্শকের কাছে লিখিত অভিযোগ দায়ের করেন। আনন্দ বলেন, 'অন্যান্য স্কুল খোলা রাখা হলেও শুধুমাত্র আমাদের স্কুলেই তালা ঝুলছে।'

গরমের দাপট থেকে পড়ুয়াদের সুরক্ষিত রাখতে সমস্ত সরকারি স্কুলগুলিতে ২ দিন পঠনপাঠন বন্ধ রাখার নির্দেশ দিয়েছে রাজ্য সরকার। যদিও শিক্ষক-শিক্ষিকাদের উপস্থিত থাকতে বলা হয়। সেই নির্দেশ অমান্য করে ওই প্রাথমিক স্কুল পুরোপুরি বন্ধ রাখা হয়েছিল। স্কুলের প্রধান শিক্ষিকা মনসা রাভা অবশ্য বলেন, 'বিজ্ঞপ্তি না বুঝে ওঠার কারণে এমনটা হয়েছে। তবে পরে আমরা স্কুল খুলে দিয়েছি।'



জীবনসংগ্রাম।। কোলে সন্তান ঘাড়ে ফ্যান। কোচবিহারে। ছবি অপর্ণা গুহ রায়।

## আন্দোলন

**কোচবিহার, ১৩ জুন :** অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল' বোর্ড শুক্রবার কেন্দ্রীয় ওয়াকফ সংশোধনী আইন বাতিলের দাবিতে কোচবিহারে মানববন্ধন মিছিলের আয়োজন করে। কোচবিহার শহর লাগায়ো টাকাগাছ-রাজারহাট এলাকায় তারা মানববন্ধন মিছিল করেছে। এই আইন বাতিল না হলে তারা আরও বড় আন্দোলনে নামবে বলে হুংকার দেয়।

## শরবত বিলি

**কোচবিহার, ১৩ জুন :** গরমের হাত থেকে মানুষকে একটু স্বস্তি দিতে হনুমান মন্দির কমিটি শুক্রবার শরবত বিলি করে। শুক্রবার দুপুরে ভবানীগঞ্জ বাজারের হনুমান মন্দিরের সামনে তারা ওই শরবত বিলি করে। কমিটির সদস্যরা জানিয়েছেন, অসহ্য গরমে বাইরে গিয়ে অনেকেই অসুস্থ বোধ করছেন বলে এই উদ্যোগ।

## রহস্যজনক মৃত্যু

**কোচবিহার, ১৩ জুন :** কোচবিহার শহরের মসজিদপাড়া সংলগ্ন বাঁধের পাড় এলাকায় বৃহস্পতিবার রাতে সমীর দাস (৪০) নামে এক ব্যক্তির রহস্যজনকভাবে মৃত্যু হয়। সমীরের মা মাধবী দাসের কথায়, 'বৃহস্পতিবার বিকেলে নেশা করে এসে সমীর আমার সঙ্গে ঝগড়া করেছিল। আমাকে মেরেওছিল। এরপর রাতে নিজের ঘরে শুয়েছিল। রাতের দিকে ডাকাডাকি করেও সাড়া দেয়নি। এরপর ওকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়।' পরিবারের লোকেরা রাতে এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। কোতোয়ালি থানার পুলিশের এক আধিকারিক বলেন, 'শুক্রবার মরদেহ ময়নাতদন্ত জন্য পাঠানো হয়েছে। ঘটনার তদন্ত চলছে।'

# টোটোর দৌরাত্ম্য মাথাভাঙ্গায়

বিশ্বজিৎ সাহা

**মাথাভাঙ্গা, ১৩ জুন :** এমনিতেই মাথাভাঙ্গা শহরে টোটোর বেপরোয়া চলাচলে নাজেহাল মানুষ। এই আবহে যাত্রী পরিবহণের টোটোয় কিছু চালক নির্মাণসামগ্রী পরিবহণ করছেন। এ যেন গোদের ওপর বিষফোড়া হয়ে দাঁড়িয়েছে শহরবাসীর কাছে। নিয়ম না মেনে লোহার রড, স্টিলের পাইপ, কাঠ, সিমেন্ট ও অন্যান্য ভারী সামগ্রী বহন করা হচ্ছে। এতে যেমন বেড়েছে দুর্ঘটনার ঝুঁকি, তেমনই হুমকির মুখে পড়েছে যাত্রীদের নিরাপত্তা। অভিযোগ উঠেছে, কিছু অসাধু ব্যবসায়ীর মদতেই যাত্রীবাহী টোটোকে ব্যবহার করা হচ্ছে পণ্য পরিবহণের কাজে। এই পরিস্থিতিতে প্রশাসনের নজরদারি ও কড়া ব্যবস্থা ছাড়া দুর্ঘটনা কমবে না বলেই মনে করছেন সচেতন নাগরিকরা।

এবিষয়ে মাথাভাঙ্গা পুরসভার চেয়ারম্যান লক্ষপতি প্রামাণিক বলছেন, 'পেট্রোল পাম্পগুলিতে প্রশাসনের তরফে বিনা হেলমেটে পেট্রোল সরবরাহ করা হবে না বলে যেমন সতর্কতামূলক ফ্লেক্স দেওয়া হয়েছে। তেমনি যাত্রীবাহী টোটোতে পণ্য পরিবহণ করা যাবে না বলেও সংশ্লিষ্ট রড, পাইপ, ইট, সিমেন্ট প্রভৃতি ব্যবসায়ীদের পুরসভা ও প্রশাসনের তরফে যৌথভাবে সচেতন করা হবে। তারপরও নিয়ম না মানলে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।'

শহরের ব্যস্ততম রাস্তাগুলিতে হঠাৎই সামনে চলে আসছে ভারী মালবোঝাই টোটো। অনেক সময় রড বা পাইপ গাড়ির বাইরের দিকে বেরিয়ে থাকায় পথচলতি মানুষ বা বাইকচালকরা আহত হচ্ছেন। সম্প্রতি শহরের কলেজ মোড়, হাসপাতাল চত্বর, পোস্ট অফিস মোড়, বাজার রোড প্রভৃতি এলাকায় একাধিক ছোটখাটো দুর্ঘটনা ঘটেছে টোটো দৌরাত্ম্যের কারণে।

শহরের এক বাসিন্দা শ্যামল রায়ের অভিযোগ, 'প্রশাসন সব দেখেও কার্যত নির্বিকার। যাত্রীবাহী টোটোয় বিপজ্জনকভাবে পণ্য পরিবহণ নিয়ন্ত্রণে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। ফলে টোটোচালকরা আরও বেপরোয়া হয়ে উঠছে। শহরের পরিবহণ ব্যবস্থায় শৃঙ্খলা ফেরাতে এবং জনসুরক্ষার স্বার্থে দ্রুত প্রশাসনের পদক্ষেপ করা উচিত।' একই বক্তব্য আরেক শহরবাসী রতন সাহারও।

এবিষয়ে ট্রাফিক পুলিশের মাথাভাঙ্গার ওসি তেনজিং ভুটিয়ার প্রতিক্রিয়া, 'যাত্রীবাহী টোটোতে পণ্য পরিবহণ সম্পূর্ণভাবে নিষিদ্ধ। যাত্রীবাহী টোটোতে পণ্য পরিবহণের বিষয়টি ট্রাফিক পুলিশের নজরে আসামাত্র টোটো আটক করা হয়।'

**সমস্যা কোথায়**

- যাত্রীর বদলে টোটোয় লোহার রড, স্টিলের পাইপ, কাঠ নিয়ে যাওয়া হচ্ছে
- কিছু অসাধু ব্যবসায়ীর মদতেই যাত্রীবাহী টোটোকে ব্যবহার করা হচ্ছে পণ্য পরিবহণের কাজে
- প্রশাসনের নজরদারি ও কড়া ব্যবস্থা ছাড়া দুর্ঘটনা কমবে না বলেই মনে করছেন সচেতন নাগরিকরা

# সুইমিং পুলের দাবিতে সরব মেখলিগঞ্জ

শুভ্রজিৎ বিশ্বাস

**মেখলিগঞ্জ, ১৩ জুন :** মেখলিগঞ্জ শহরে দিন-দিন কমছে পুকুরের সংখ্যা। মেখলিগঞ্জ মহকুমা শহর হলেও এতে গ্রাম্য ছোঁয়া রয়েছে। তিন থেকে চার দশক আগেও শহরের জনসংখ্য অনেক কম ছিল। শহরের অনেক বাড়িতেই ছিল পুকুর। শহরের বিভিন্ন ওয়ার্ডের ছেলেমেয়েরা সেই সমস্ত পুকুরেই সাঁতার কাটা শিখত। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে শহরাঞ্চলে কমেছে পুকুরের সংখ্যা। অনেকে আবার কর্মসূত্রে অন্যত্র চলে যাওয়ার ফলে বাড়ির পুকুরগুলো ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে।

এই মুহূর্তে শহরের ছেলেমেয়েদের সাঁতার শেখার কোনও জায়গা নেই। নেই ট্রেনারের ব্যবস্থা। অনেক সময় শহরের ছেলেদের পদ্মপুকুর বা মেখলিগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের বোর্ডিং পুকুরে স্নান করতে দেখা যায়। তবে তাও যথেষ্ট ঝুঁকিপূর্ণ। সেখানে স্নান করতে নেমে প্রাণ হারায় পড়ুয়া। তাই অভিভাবকরাও এখন আর সাহস পান না ছেলেদের পাঠাতে। তাই শহরবাসীর দাবি, শহরে একটা সুইমিং পুল তৈরি হলে একদিকে যেমন ছেলেমেয়েরা সাঁতার শিখতে পারবে ও স্বাস্থ্য সচেতন হয়ে উঠবে। অন্যদিকে, সেখানে ট্রেনার থাকায় বিপদের আশঙ্কাও থাকবে না। মেখলিগঞ্জ পুরসভার ৫ নম্বর ওয়ার্ড ও ৮ নম্বর ওয়ার্ডে এমন পুকুর রয়েছে যেগুলোকে সুইমিং পুলের রূপ দেওয়া যেতে পারে বলে দাবি শহরবাসীর।



মেখলিগঞ্জে ৮ নম্বর ওয়ার্ডের এই পুকুরে সুইমিং পুলের দাবি উঠছে।

এবিষয়ে মেখলিগঞ্জ পুরসভার চেয়ারম্যান প্রভাত পাটনি বলেন, 'অবশ্যই ছেলেমেয়েদের সুস্থ থাকতে এটা ভালো পদক্ষেপ হবে। বিষয়টি গুরুত্ব সহকারে দেখা হবে। আমরা চেষ্টা করব শীঘ্রই যাতে শহরে সুইমিং পুল তৈরি করা যায়।'

মেখলিগঞ্জের বাসিন্দা বাপি দাস জানালেন, শহর এক সময় প্রচুর পুকুর ছিল। বন্ধুবান্ধবদের সঙ্গে বাড়ির পুকুরে স্নান করতেন তাঁরা। সাঁতার শিখতেন। সময়ের সঙ্গে সঙ্গে শহরে অনেক পরিবর্তন হয়েছে। আজ আর সেই সুযোগ নেই। তাই পুরসভা যদি ৫ ও ৮ নম্বর ওয়ার্ডে পড়ে থাকা পুকুরগুলোতে সুইমিং পুল তৈরি করে তবে ছেলেমেয়েরা উপকৃত হবে বলে তিনি জানান।

আরেক বাসিন্দা সাইদুল মহম্মদকে বলতে শোনা গেল একই কথা। তাঁর কথায়, 'আমরা ছোটবেলায় দল বেঁধে সাঁতার কাটা শিখেছি পুকুরে। রীতিমতো প্রতিযোগিতা হত সাঁতার কাটা নিয়ে। এখন তো সেরকম পুকুর নেই। তাই পুরসভা সুইমিং পুলের ব্যবস্থা করলে ভালোই হয়। কোচবিহার, তুফানগঞ্জ শহরে সুইমিং পুল রয়েছে।'

> অবশ্যই ছেলেমেয়েদের সুস্থ থাকতে এটা ভালো পদক্ষেপ হবে। বিষয়টি গুরুত্ব সহকারে দেখা হবে। আমরা চেষ্টা করব শীঘ্রই যাতে শহরে সুইমিং পুল তৈরি করা যায়।
>
> **প্রভাত পাটনি** চেয়ারম্যান মেখলিগঞ্জ পুরসভা


রংদার



বাবা

রবিবার পিতৃদিবস। মাতৃদিবস নিয়ে যেমন হইচই হয়, সেরকম আলোচনা হয় না পিতৃদিবস নিয়ে। বাবাদের কথা তুলে আনা হল বিভিন্ন দৃষ্টিকোণ থেকে। পুরাণেও 'সিঙ্গল ফাদার'রা ছিলেন। অন্য ভাষার সাহিত্যেও দাপট দেখিয়েছেন বাবারা। বাবাদের নিয়েই এবারের প্রচ্ছদ কাহিনী।

প্রচ্ছদ কাহিনী বিজয় দে, অভিজিৎ মজুমদার, বিতস্তা ঘোষাল ও ইন্দিরা মুখোপাধ্যায়

ছোটগল্প নবকুমার বসু ও অনিন্দ্য রায় আমেদ

ট্রাভেল ব্লগ অরবিন্দ ভট্টাচার্য

কবিতাগুচ্ছ সমর রায়চৌধুরী

কবিতা নন্দা হাংখিম, অজয় মজুমদার, কৌশিক সেন, মাধবী দাস, দীপশিখা পোদ্দার ও ইন্দ্রাণী বিশ্বাস মণ্ডল

ধারাবাহিক দেবাঙ্গনে দেবার্চনা : পূর্বা সেনগুপ্ত

